রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, এপ্রিল ২১, ২০১৫**

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৫ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ/২ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ

**এস, আর, ও নং ৮২-আইন/২০১৫।**—বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ২২ এর উপ-ধারা (১) এর দফা (ক) তে প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের গভর্নিং বোর্ড এতদ্‌দ্বারা নিম্নরূপ নীতি প্রণয়ন করিল, যথাঃ—

## প্রথম অধ্যায়
## সাধারণ বিধানাবলী

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই নীতি বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই নীতিতে—

(১) **"অন-সাইট অবকাঠামো"** অর্থ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে অবস্থিত অবকাঠামো এবং বিদ্যুৎ শক্তি উৎপাদন, অন্যান্য ইউটিলিটি বা সেবা এবং শ্রমিকদের বাসস্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(২) **"অনুমোদিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল কার্যক্রম"** অর্থ কোন কৃষিভিত্তিক, শিল্প সম্পর্কিত, উৎপাদনমূলক, সেবামূলক, বাণিজ্যিক, প্রযুক্তিগত, পর্যটন, আবাসন, বিনোদন বা বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন বা বণ্টনমূলক কার্যক্রমসহ কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের প্রতিষ্ঠান বা বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারী কর্তৃক



মূল্য ঃ টাকা ৪০.০০

গৃহীত কোন বৈধ অর্থনৈতিক কার্যক্রম এবং কোন গুদামজাতকরণ, লজিস্টিক, পরিবহণ, প্রশিক্ষণ, শিক্ষা, অর্থায়ন, বীমা, স্বাস্থ্য সেবা এবং বৈজ্ঞানিক-গবেষণা প্রচেষ্টা, যাহা :—

(ক) প্রচলিত জননৈতিকতা, শৃঙ্খলা, জননিরাপত্তা, বা জনস্বাস্থ্য সংক্রান্ত নীতির পরিপন্থী হইবে না;

(খ) পরিবেশ বিষয়ক আইন বা নীতি লঙ্ঘন করিবে না;

(গ) মানব, প্রাণী বা উদ্ভিদের স্বাস্থ্য বা জীবন সঙ্কটাপন্ন করিবে না;

(ঘ) কোন বুদ্ধিবৃত্তিক সম্পত্তির অধিকার লঙ্ঘন করিবে না;

(ঙ) আইনের ধারা ৫(৩), ১৫ এবং তফসিল-১ সহ প্রযোজ্য অন্য কোন আইনের অধীন নিষিদ্ধ, সীমিত বা অব্যাহতি প্রদান করা হয়নি;

(৩) **"অপারেটর"** অর্থ অপারেটর চুক্তি অথবা প্রযোজ্য আইনের অধীন অন্য কোন আইনগত কর্তৃত্ব বলে কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসার করিবার দায়িত্বপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠান;

(৪) **"অপারেটর চুক্তি"** অর্থ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসার করিবার লক্ষ্যে লাইসেন্সধারী এবং কোন প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল অপারেটর চুক্তি;

(৫) **"অফ-সাইট অবকাঠামো"** অর্থ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল বহির্ভূত স্থানে অবস্থিত অবকাঠামো এবং অর্থনৈতিক অঞ্চলের সহিত সংযুক্ত পাবলিক ইউটিলিটি, পরিবহণ এবং অন্যান্য কাঠামোও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৬) **"অবকাঠামো"** অর্থ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন ও কার্যক্রমকে উৎসাহিত করিবার জন্য প্রয়োজনীয় মৌলিক সুবিধাদি, স্থাপনা ও ইউটিলিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য সেবাসহ নিম্নবর্ণিত বিষয়সমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা :—

(ক) বিল্ডিং বা অনুরূপ অন্যান্য কাঠামো;

(খ) তরল বর্জ্য, কঠিন বর্জ্য, শিল্প বর্জ্য, ইত্যাদি সংগ্রহ, শোধন, অপসারণ এবং ব্যবস্থাপনা পদ্ধতি;

(গ) বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বণ্টন;

(ঘ) গ্যাসসহ অন্যান্য জ্বালানী সরবরাহ ও বণ্টন;

(ঙ) বৃষ্টির পানি সংগ্রহ, শোধন এবং অপসারণ সুবিধাদি;

(চ) পয়ঃনিষ্কাশন এবং বর্জ্য শোধনের সুবিধাদি;

(ছ) সড়ক ও ব্রীজসহ পরিবহণ নেটওয়ার্ক;

(জ) টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি;

(ঝ) সরবরাহ ও বণ্টন;

(ঞ) শিক্ষা ও চিকিৎসা সুবিধা;

(ট) দক্ষতা বৃদ্ধি ও উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ; এবং

(ঠ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের যথাযথ কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় অন্য কোন ভৌত অবকাঠামো;

(৭) **"আইন"** অর্থ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন);

(৮) **"আবেদনকারী"** অর্থ কোন প্রতিষ্ঠান যাহা বাংলাদেশে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা, সংরক্ষণ এবং প্রসারের উদ্দেশ্যে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদন করিয়াছে;

(৯) **"উপযুক্ত সংস্থা"** অর্থ যে কোন জাতীয় বা স্থানীয় সরকারি সংস্থা, মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, পরিদপ্তর, বা স্থানীয় সরকার প্রতিষ্ঠান বা কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল এলাকার পরিচালনা বা কার্যক্রমের উপর যুগপৎ বা আংশিক নিয়ন্ত্রণমূলক এখতিয়ার রহিয়াছে এইরূপ অন্য কোন সংস্থা এবং কোন উপযুক্ত জাতীয় নিরাপত্তা, পুলিশ, শ্রম, অভিবাসন, পরিবেশ, ব্যবসা-নিবন্ধন, আরবান প্ল্যানিং, স্বাস্থ্য, নিরাপত্তা, শুল্ক এবং কর কর্তৃপক্ষও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১০) **"ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়"** অর্থ অনুচ্ছেদ ১৮ এর অধীন স্থাপিত ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়;

(১১) **"কর্তৃপক্ষ"** অর্থ আইনের ধারা ১৭ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ;

(১২) **"কনসোর্টিয়াম"** অর্থ একাধিক ব্যক্তি বা প্রতিষ্ঠানের সমন্বয়ে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিকভাবে গঠিত সংঘ;

(১৩) **"গভর্নিং বোর্ড"** অর্থ কর্তৃপক্ষের গভর্নিং বোর্ড;

(১৪) **"ডেভেলপার"** অর্থ ডেভেলপার চুক্তি অথবা প্রযোজ্য আইনের অধীন অন্য কোন আইনগত কর্তৃত্ব বলে কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠান;

(১৫) **"ডেভেলপার ও অপারেটর"** অর্থ ডেভেলপার ও অপারেটর চুক্তি অথবা প্রযোজ্য আইনের অধীন অন্য কোন আইনগত কর্তৃত্ব বলে কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, সেবা প্রদান, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান;

(১৬) **"ডেভেলপার ও অপারেটর চুক্তি"** অর্থ লাইসেন্সধারী এবং কর্তৃপক্ষের মধ্যে অনুচ্ছেদ ৭(৫) এর অধীন সম্পাদিত চুক্তি অথবা বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের সুনির্দিষ্ট ভূমিতে উন্নয়ন, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, সেবা প্রদান, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের লক্ষ্যে লাইসেন্সধারী এবং কোন প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার ও অপারেটর চুক্তি;

(১৭) **"ডেভেলপার চুক্তি"** অর্থ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের সুনির্দিষ্ট ভূমিতে ডিজাইনিং, অর্থায়ন, নির্মাণ, উন্নয়ন এবং সেবা প্রদানের লক্ষ্যে লাইসেন্সধারী এবং কোন প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার চুক্তি;

(১৮) **"তফসিল"** অর্থ এই নীতির কোন তফসিল;

(১৯) **"প্রতিষ্ঠান"** অর্থ প্রযোজ্য আইনের অধীন গঠিত কোন বেসরকারি সত্তা, যেমন—কোম্পানি, পার্টনারশীপ, একক মালিকানাধীন, ব্রাঞ্চ, যৌথ-উদ্যোগ সত্তা বা কোন বাংলাদেশী বা বিদেশী প্রতিষ্ঠানসহ অন্য কোন সংস্থা বা কনসোর্টিয়াম;

(২০) **"বেসরকারি অর্থনৈতিক অঞ্চল"** অর্থ আইনের ধারা ১৫ এর বিধান সাপেক্ষে এবং ধারা ৪ এর দফা (খ) বা (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ৫ এর অধীন ঘোষিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল;

(২১) **"বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী"** অর্থ যাহার অনুকূলে অনুচ্ছেদ ৩০ এর অধীন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র মঞ্জুর করা হইয়াছে এমন কোন বেসরকারি প্রতিষ্ঠান;

(২২) **"বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র"** অর্থ কর্তৃপক্ষ বা ক্ষেত্রমত, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল লাইসেন্সধারী, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল অপারেটর বা বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার ও অপারেটর কর্তৃক অনুচ্ছেদ ৩০ এর অধীন প্রদত্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ব্যবহারের অনুমতিপত্র;

(২৩) **"বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারী"** অর্থ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় বসবাসের জন্য অনুচ্ছেদ ৩৬ এবং ৩৭ এর অধীন বসবাসের সনদপত্র প্রাপ্ত কোন ব্যক্তি বা শ্রমিক;

(২৪) **"বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসের সনদপত্র"** অর্থ কর্তৃপক্ষ কর্তৃক বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় বসবাসের জন্য কোন ব্যক্তি বা শ্রমিককে অনুচ্ছেদ ৩৬ এবং ৩৭ অনুসারে প্রদত্ত সনদপত্র;

(২৫) **"বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের প্রতিষ্ঠান"** অর্থ লাইসেন্সধারী, ডেভেলপার, অপারেটর, ডেভেলপার ও অপারেটর বা বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী কোন প্রতিষ্ঠান, যাহা বাংলাদেশে নিবন্ধিত;

(২৬) **"ব্যক্তি"** অর্থ বাংলাদেশী বা বিদেশী কোন স্বাভাবিক ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(২৭) **"লাইসেন্স"** অর্থ অনুচ্ছেদ ৭ এর উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন মঞ্জুরকৃত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল লাইসেন্স;

(২৮) **"লাইসেন্সধারী"** অর্থ যাহার অনুকূলে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে এইরূপ কোন প্রতিষ্ঠান;

(২৯) **"সম্পদ" বা "সম্পত্তি"** অর্থ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত বা বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে আর্থিক মূল্যমানের স্থাবর বা অস্থাবর, স্পর্শযোগ্য বা অস্পর্শযোগ্য সম্পত্তি এবং অর্থনৈতিক অঞ্চল বিনিয়োগ (ঋণ-দলিল ব্যতীত), অর্থনৈতিক অঞ্চলের ভূমি, ইজমেন্ট, প্ল্যান্ট, যন্ত্রপাতি, যানবাহন, অবকাঠামো, উন্নতকরণ, মুদ্রা, অন্য কোন সরকারি বা বেসরকারি সম্পত্তির অধিকার ও গভর্নিং বোর্ড কর্তৃক জারীকৃত রেজুলেশনের দ্বারা নির্ধারিত অন্য কোন সম্পদও ইহার অন্তর্ভুক্ত হইবে।

## দ্বিতীয় অধ্যায়
## বেসরকারি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, লাইসেন্স, ইত্যাদি

৩। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, ইত্যাদি।**—(১) আইনের ধারা ৫ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাভুক্ত ভূমি ব্যতীত, আইনের ধারা ৪ এর দফা (খ) ও (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশের যে কোন উপযুক্ত বেসকারি ভূমিতে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করা যাইবে।

(২) কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের জন্য এলাকা বাছাইয়ের ক্ষেত্রে পতিত জমি, অনুর্বর জমি এবং অনুন্নত এলাকা প্রাধান্য পাইবে এবং বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর অধীন ইকোলজিক্যালি গুরুত্বপূর্ণ হিসাবে চিহ্নিত এলাকা উক্তরূপ বাছাইয়ের পরিধিমুক্ত রাখিতে হইবে।

(৩) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার ক্ষেত্রে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল লাইসেন্স প্রশাসনিক মঞ্জুরী হিসাবে গণ্য হইবে।

(৪) কোন প্রতিষ্ঠান, লাইসেন্স ব্যতীত কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে ডেভেলপার ও অপারেটর হিসাবে কোনরূপ কার্যক্রম গ্রহণ বা শুরু করিতে পারিবেনা অথবা বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসার করিবার জন্য ডেভেলপার বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর নিয়োগ করিতে পারিবে না।

৪। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চল লাইসেন্স এর জন্য আবেদন।**—(১) কোন প্রতিষ্ঠান, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, উন্নয়ন এবং উক্ত অঞ্চলের, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের উদ্দেশ্যে কর্তৃপক্ষের নিকট লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবে।

(২) প্রতিষ্ঠানকে প্রথম পর্যায়ে অনুচ্ছেদ ৫ এর অধীন প্রাক-যোগ্যতাপত্রের জন্য আবেদন করিতে হইবে এবং প্রাক-যোগ্যতাপত্র ইস্যুর তারিখ হইতে পরবর্তী ১২ (বার) মাসের মধ্যে অনুচ্ছেদ ৬ এর অধীন লাইসেন্স এর জন্য আবেদন করিতে হইবে।

৫। **প্রাক-যোগ্যতাপত্র এর জন্য আবেদনের শর্ত ও পদ্ধতি**।—(১) কোন প্রতিষ্ঠান প্রাক-যোগ্যতাপত্র প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত তথ্যাদিসহ তফসিল ৪ এর আবেদনপত্র পূরণপূর্বক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে, যথা :—

(ক) তফসিল-২ এ উল্লিখিত তথ্যাদিসহ দলিলাদি;

(খ) কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত এককালীন অফেরতযোগ্য ফি;

(গ) প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের একটি প্রকল্প বিবরণী এবং আবেদনপত্রে বর্ণিত এলাকায় সম্পাদনযোগ্য সকল কার্যাবলীর একটি তালিকা;

(ঘ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের নির্মাণ সংক্রান্ত নকশা, কার্যারম্ভের প্রাক্কলিত সময়সূচি; এবং

(ঙ) কর্তৃপক্ষ কর্তৃক প্রাসঙ্গিক বিবেচিত হইতে পারে এমন যে কোন তথ্য ও দলিলাদি।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষ আইন ও এই নীতির আলোকে আবেদনপত্রটি যাচাই-বাছাই করিবে, প্রয়োজনে, যুক্তিসঙ্গত সময়ের মধ্যে অতিরিক্ত তথ্য সরবরাহের জন্য আবেদনকারীকে নির্দেশ দিতে পারিবে এবং নিম্নবর্ণিত তথ্যসহ বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকা ও গেজেটে প্রজ্ঞাপন প্রকাশ করিবে—

(ক) প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল দ্বারা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এমন যে কোন ব্যক্তি উক্ত প্রজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ২১ (একুশ) দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট মতামত দাখিল করিতে পারিবেন; এবং

(খ) উক্ত প্রজ্ঞাপনে প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভৌগোলিক অবস্থান, সুনির্দিষ্ট মাপ, ম্যাপ, সম্পত্তি নিবন্ধনের বিবরণ এবং পরিকল্পিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের প্রস্তাবিত কার্যক্রমের উল্লেখ থাকিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন কার্যক্রম সম্পন্ন হইবার পর কর্তৃপক্ষ যাচাই-বাছাই এর পর, গভর্নিং বোর্ডের অনুমোদনক্রমে, ক্ষেত্রমত, আবেদনকারীর অনুকূলে প্রাক-যোগ্যতাপত্র ইস্যু করিবে কিংবা কারণ উল্লেখ করিয়া আবেদন নামঞ্জুর করিবে এবং বিষয়টি লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিবে।

৬। **লাইসেন্স এর জন্য আবেদনের শর্ত ও পদ্ধতি**।—(১) আবেদনকারীকে অনুচ্ছেদ ৫ এর অধীন প্রাক-যোগ্যতাপত্র ইস্যুর তারিখ হইতে পরবর্তী ১২ (বার) মাসের মধ্যে লাইসেন্স এর চূড়ান্ত অনুমোদনের জন্য দ্বিতীয় পর্যায়ে তফসিল-৪ এর আবেদনপত্র পূরণপূর্বক নিম্নবর্ণিত তথ্যাদিসহ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে, যথা:—

(ক) তফসিল-৩ এ উল্লিখিত তথ্যাদিসহ দলিলাদি;

(খ) কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত এককালীন অফেরতযোগ্য ফি;

(গ) প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চলের মাস্টার প্ল্যানসহ একটি সম্ভাব্যতা সমীক্ষা;

(ঘ) পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনাসহ একটি পরিবেশগত প্রভাব সমীক্ষা;

(ঙ) পুনর্বাসন পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে);

(চ) কর্ম পরিকল্পনাসহ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের কার্যাবলীর নকশা প্রণয়ন, নির্মাণ, আরম্ভের জন্য ব্যয়িত আনুমানিক সময়-সূচি সংক্রান্ত তফসিল;

(ছ) প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপন কাজ সম্পন্ন করিবার আনুমানিক সময়-সূচি সংক্রান্ত তফসিল;

(জ) প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের মধ্যে আবেদনকারী কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংস্থানকৃত যে কোন দ্রব্য, সেবা বা অবকাঠামোর জন্য দাবীকৃত ফি'র তালিকা;

(ঝ) মোট মূলধন ও ঋণসহ প্রকল্পের জন্য প্রত্যায়িত আর্থিক সম্পদ উল্লেখপূর্বক লিখিত বিবরণী; এবং

(ঞ) কর্তৃপক্ষ কর্তৃক প্রাসঙ্গিক বিবেচিত হইতে পারে এমন যে কোন তথ্য ও দলিলাদি।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (গ) এ উল্লিখিত সম্ভাব্যতা সমীক্ষা ও প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের মাস্টার প্ল্যানের ক্ষেত্রে আবেদনকারী কর্তৃক নিম্নবর্ণিত আবশ্যকীয় শর্তাবলী প্রতিপালন করা হইয়াছে মর্মে নিশ্চিত করিতে হইবে, যথা:—

(ক) প্রস্তাবিত মাস্টার প্ল্যানটি সমন্বিত এবং ইহাতে ভূমি ব্যবহার পরিকল্পনা ও ভূমি বিন্যাস, অন-সাইট অবকাঠামোগত পরিকল্পনা এবং পর্যায়ক্রমিক পরিকল্পনা অন্তর্ভুক্ত করা হইয়াছে;

(খ) বিবেচ্য ভূমি এলাকা প্রকৃত বা প্রস্তাবিত অফ-সাইট অবকাঠামোর অতি সন্নিকটে

(গ) সম্ভাব্যতা সমীক্ষায় প্রকল্পটির অর্থনৈতিক ও আর্থিকভাবে টিকিয়া থাকিবার সামর্থ্য এবং সামাজিক উপযোগিতা প্রদর্শিত হইয়াছে;

(ঘ) বিরূপ প্রভাব প্রশমিত করিবার জন্য পর্যাপ্ত স্বাস্থ্য ও নিরাপত্তা পরিকল্পনা অন্তর্ভুক্ত করতঃ অনুমোদিত পরিবেশগত ব্যবস্থাপনা প্রকল্প বিষয়ে পরিবেশগত ও সামাজিক প্রভাব সমীক্ষা;

(ঙ) সম্ভাব্যতা সমীক্ষায় ইহা প্রদর্শিত হইয়াছে যে, প্রকল্পটি বাংলাদেশের জন্য লাভজনক হইবে, যেমন—বিনিয়োগ বৃদ্ধির উদাহরণ, কর্মক্ষেত্র সৃষ্টি, রপ্তানির বহুমাত্রিকতা-যাহার ফলে সরকার প্রকল্প বাস্তবায়নের জন্য যে ব্যয় করিবে তাহা হইতে অধিক লাভজনক হইবে; এবং

(চ) প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের অন্তর্ভুক্ত ভূমির মালিকানা বিরোধীয় নয় এবং ইহা প্রকৃত বা আসন্ন আইনগত দায় বা দৈব ঘটনার বিষয় নয়, যাহা আইনগত দাবীর উদ্ভব ঘটাইতে পারে এবং এতদ্সংক্রান্ত বিষয়ে আবেদনকারীকে একটি হলফনামা দাখিল করিতে হইবে।

৭। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ঘোষণার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা এবং লাইসেন্স ইস্যুকরণ**।—(১) অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষ অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ (২) এর বিধান অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন কার্যক্রম সম্পন্ন হইবার পর কর্তৃপক্ষ ৬০ (ষাট) দিনের মধ্যে যাচাই-বাছাই করিয়া সন্তুষ্ট হইলে আবেদনকারীর বরাবর বেসরকারি অর্থনৈতিক অঞ্চল লাইসেন্স মঞ্জুর এর বিষয়ে গভর্নিং বোর্ডের অনুমোদন গ্রহণ করিবে এবং আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী প্রস্তাবিত ভূমি এলাকাকে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল হিসাবে ঘোষণার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ, কোন বৈধ প্রশাসনিক কারণে উক্ত সময়সীমা পরবর্তী ৬০ (ষাট) দিনের জন্য বর্ধিত করিতে পারিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন প্রস্তাবিত ভূমি এলাকাকে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল হিসাবে ঘোষণা করা হইলে কর্তৃপক্ষ আবেদনকারী বরাবর লাইসেন্স ইস্যু করিবে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা উক্ত লাইসেন্স মঞ্জুরী এবং লাইসেন্সধারীর নাম, ঠিকানা, প্রয়োজনীয় তথ্যাদিসহ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল হিসাবে ঘোষিত ভূমির বিবরণী প্রকাশ করিবে।

(৪) লাইসেন্সে উক্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও প্রসার সংক্রান্ত সুনির্দিষ্ট শর্তাবলী, লাইসেন্সধারী কর্তৃক উক্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের অধিকার ও দায়দায়িত্ব এবং উক্ত অধিকার ও দায়দায়িত্ব অন্য কোন তৃতীয় পক্ষ প্রতিষ্ঠানের নিকট অর্পণ করা সংক্রান্ত ক্ষমতাসহ নিম্নলিখিত তথ্যাবলী উল্লেখ থাকিবে, যথা :—

(ক) লাইসেন্সধারীর নাম;

(খ) লাইসেন্সের মেয়াদ;

(গ) লাইসেন্স নবায়নের শর্তাবলী;

(ঘ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল হিসাবে ঘোষিত ভূমি এলাকার ভৌগোলিক অবস্থান, নির্দিষ্ট মাপ এবং উক্ত অঞ্চলের অবস্থিত সম্পত্তির নিবন্ধন;

(ঙ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের মাস্টার প্ল্যান;

(চ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল সংক্রান্ত সকল অনুমোদিত কার্যাবলী সম্পাদনের পর্যায়ক্রম অনুসারে সময়সূচী সংক্রান্ত তফসিল;

(ছ) নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থনৈতিক অঞ্চল স্থাপন কাজ সম্পন্ন সংক্রান্ত তফসিল; এবং

(জ) সকল নিষিদ্ধ এবং নিয়ন্ত্রিত কার্যাবলী।

(৫) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন লাইসেন্স ইস্যু করা হইলে কর্তৃপক্ষ এবং লাইসেন্সধারী বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার ও অপারেটর চুক্তি স্বাক্ষর করিবে।

(৬) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন লাইসেন্স ইস্যু করা হইলে, উক্ত লাইসেন্সধারী, আইন, এই নীতি ও অন্য কোন প্রযোজ্য আইনের বিধানাবলী এবং লাইসেন্সে উল্লিখিত শর্তাবলী অনুসারে, উক্ত লাইসেন্স কার্যকর হইবার তারিখ হইতে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন এবং উক্ত অঞ্চলের পরিচালনা ও রক্ষণাবেক্ষণসহ অনুমোদিত সকল কার্যক্রম শুরু করিতে পারিবে।

(৭) কর্তৃপক্ষ যাচাই বাছাই করিয়া কোন লাইসেন্স আবেদন প্রত্যাখ্যান করিলে বিষয়টি লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিবে।

৮। **লাইসেন্স দ্বারা অর্পিত ক্ষমতা ও দায়বদ্ধতা**।—(১) আইন, এই নীতি, প্রযোজ্য অন্য কোন বিধি-বিধান ও লাইসেন্সে প্রদত্ত শর্তাবলী সাপেক্ষে, লাইসেন্সধারী লাইসেন্সে উল্লিখিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিতে পারিবে, যথা :—

(ক) উক্ত অঞ্চলের প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা, উৎসাহিতকরণ এবং সংরক্ষণ;

(খ) ডেভেলপার বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর নিয়োগ;

(গ) কোন অধীন চুক্তি (sub-contract) বা অন্য কোন আইনগত ব্যবস্থার মাধ্যমে উক্ত অঞ্চলের সম্পূর্ণ বা উহার কোন অংশের উন্নয়ন, পরিচালনা, উৎসাহিতকরণ বা সংরক্ষণের নিমিত্ত অন্য কোন বাংলাদেশী প্রতিষ্ঠানকে লাইসেন্স বা পারমিট প্রদান।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (খ) ও (গ) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন, পরিচালনা, উৎসাহিতকরণ এবং সংরক্ষণের চূড়ান্ত আইনগত দায়িত্ব, উক্ত দায়িত্বের সম্পূর্ণ বা কোন অংশ অন্য কোন বাংলাদেশী প্রতিষ্ঠানকে অর্পণ করা হউক বা না হউক, লাইসেন্সধারী বহন করিবে এবং এইক্ষেত্রে লাইসেন্সধারী কনসোর্টিয়াম (Consortium) হইলে উক্ত কনসোর্টিয়ামের সহিত সংযুক্ত সকল প্রতিষ্ঠান যৌথভাবে এবং পৃথকভাবে দায়ী হইবে।

(৩) কোন লাইসেন্সধারী উক্ত অঞ্চলের উন্নয়ন, পরিচালনা, উৎসাহিতকরণ এবং সংরক্ষণ সংক্রান্ত অধিকার এবং দায়-দায়িত্বের সম্পূর্ণ বা কোন অংশ অন্য কোন প্রতিষ্ঠানকে অর্পণ করিলে, উক্ত প্রতিষ্ঠানের উপর উক্ত লাইসেন্সধারী অধীন চুক্তির দ্বারা নিয়ন্ত্রণ বজায় রাখিবে, যাহাতে উক্ত লাইসেন্সধারী আইন বা এই নীতির অধীন প্রদত্ত সকল আইনগত বাধ্যবাধকতা পালন করিতে পারে।

(৪) আইন বা এই নীতির অধীন কোন উন্নয়ন, পরিচালনা, উৎসাহিতকরণ এবং সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমের জন্য লাইসেন্সধারী কর্তৃক উক্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের কোন জমি অন্য কোন প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা হস্তান্তর করা হইলে সেইক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান প্রযোজ্য হইবে।

(৫) কোন লাইসেন্সধারী লাইসেন্সের সম্পূর্ণ বা কোন অংশ তৃতীয় পক্ষের নিকট বিক্রয় বা হস্তান্তর করিতে পারিবে না।

(৬) লাইসেন্সধারীকে লাইসেন্সে উল্লিখিত তফসিল অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থনৈতিক অঞ্চল স্থাপন কাজ সম্পন্ন করিতে হইবে।

৯। **লাইসেন্স বাতিল, ইত্যাদি।**―(১) কোন লাইসেন্সধারী আইন, এই নীতি, প্রযোজ্য অন্য কোন আইন, বিধি-বিধান, আইনগত দলিল, চুক্তি বা লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘন করিলে, কর্তৃপক্ষ, গভর্নিং বোর্ডের অনুমোদনক্রমে, সংশ্লিষ্ট লাইসেন্সধারীকে ৬০ (ষাট) দিনের কারণ দর্শানোর নোটিশ এবং শুনানির সুযোগ প্রদান করিয়া, গেজেটে প্রকাশের মাধ্যমে, উক্ত লাইসেন্সধারীর সম্পূর্ণ বা আংশিক লাইসেন্স বাতিল বা স্থগিত করিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ আইনের ধারা ২৮ অনুযায়ী বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি এবং গভর্নিং বোর্ডের অনুমোদনক্রমে, নিম্নবর্ণিত কারণে লাইসেন্সধারীকে ৬০ (ষাট) দিনের লিখিত নোটিশ প্রদান এবং শুনানির সুযোগ প্রদান করিয়া, গেজেটে প্রকাশের মাধ্যমে, তাহার লাইসেন্স বাতিল করিতে পারিবে, যদি কোন লাইসেন্সধারী―

(ক) অনুচ্ছেদ ৮ এর উপ-অনুচ্ছেদ (৫) এ উল্লিখিত বিধান লংঘন করিয়া লাইসেন্সের সম্পূর্ণ বা কোন অংশ কোন তৃতীয় পক্ষের নিকট বিক্রয়, হস্তান্তর বা স্থানান্তর করে;

(খ) লাইসেন্সে উল্লিখিত তফসিল অনুযায়ী সংশ্লিষ্ট বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন, পরিচালনা, উৎসাহিতকরণ এবং সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম প্রতিপালন করিতে ব্যর্থ হয় এবং উক্ত দায়িত্ব পালন না করিবার জন্য কর্তৃপক্ষের নিকট হইতে ২ (দুই) বার লিখিত নোটিশ প্রাপ্ত হয়;

(গ) দেউলিয়া ঘোষিত হয়;

(ঘ) কর্তৃপক্ষ বা কোন উপযুক্ত সংস্থা কর্তৃক প্রাপ্য সকল ফি, কর বা অন্য কোন বকেয়া পরিশোধ করিতে ব্যর্থ হয়;

(ঙ) আবেদনপত্রে অসত্য তথ্য, ঘোষণা বা বর্ণনা প্রদানক্রমে লাইসেন্স গ্রহণ করে;

(চ) লাইসেন্স বা তফসিল-১ এ বর্ণিত কোন নিষিদ্ধ, বেআইনী বা অবৈধ কার্যক্রমের সহিত জড়িত হয়।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন লাইসেন্সধারী লাইসেন্সে উল্লিখিত তফসিল অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থনৈতিক অঞ্চল স্থাপন কাজ সম্পন্ন করিতে ব্যর্থ হইলে অথবা বিনিয়োগ বিলম্বিত হইলে গভর্নিং বোর্ডের অনুমোদনক্রমে, লাইসেন্সধারীকে ৬০ (ষাট) দিনের লিখিত নোটিশ প্রদান এবং শুনানির সুযোগ প্রদান করিয়া, কর্তৃপক্ষ গেজেটে প্রকাশের মাধ্যমে, তাহার লাইসেন্স বাতিল করিতে অথবা নবায়ন করিতে পারিবে।

(৪) উপ-অনুচ্ছেদ (১), (২) ও (৩) এর অধীন লাইসেন্স বাতিল বা স্থগিতের সিদ্ধান্ত গেজেটে প্রকাশিত হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট লাইসেন্সধারীর কোন আপত্তি পাওয়া না গেলে উক্ত লাইসেন্সধারীর লাইসেন্স চূড়ান্তভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) কোন প্রতিষ্ঠানের লাইসেন্স চূড়ান্তভাবে বাতিল করা হইলে, উক্ত প্রতিষ্ঠান লাইসেন্সধারী হিসাবে মর্যাদা হারাইবে এবং কর্তৃপক্ষ ও লাইসেন্সধারীর মধ্যে সম্পাদিত চুক্তিও বাতিল বলিয়া গণ্য হইবে।

(৬) কোন লাইসেন্সধারীর লাইসেন্স বাতিল করা হইলে, কর্তৃপক্ষ বা অন্য কোন উপযুক্ত সংস্থা, প্রয়োজনে, উহার বিরুদ্ধে আইন এবং প্রচলিত আইন অনুসারে আইনগত পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

১০। **লাইসেন্স বাতিল পরবর্তী কার্যক্রম সংক্রান্ত বিধান**।—(১) অনুচ্ছেদ ৯ এর অধীন লাইসেন্স বাতিলের ৭ (সাত) দিনের মধ্যে বাতিলকৃত লাইসেন্সধারীকে সকল কাগজপত্র, ডকুমেন্ট, ডিজাইন ও অন্যান্য দলিলসহ সকল দায়-দায়িত্ব কর্তৃপক্ষের নিকট বুঝাইয়া দিতে হইবে।

(২) সরকার বাতিলকৃত লাইসেন্সধারীর মালিকানাধীন সম্পত্তি Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (Ordinance No. II of 1982) এর অধীন অধিগ্রহণ করিতে পারিবে এবং উক্ত Ordinance এর বিধানাবলী অধিগ্রহণকৃত সম্পত্তির ক্ষতিপূরণসহ অন্য যে কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১১। **বিকল্প লাইসেন্সধারী নিয়োগ, ইত্যাদি**।—(১) অনুচ্ছেদ ৯ এর অধীন কোন লাইসেন্স বাতিল করা হইলে অসমাপ্ত কার্য সম্পাদনের নিমিত্ত অবশিষ্ট মেয়াদের জন্য কর্তৃপক্ষ বিকল্প লাইসেন্সধারী নিয়োগ করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ বিকল্প লাইসেন্সধারী নিয়োগ করিবার উদ্দেশ্যে নোটিশ প্রদান করিবে এবং আইন ও এই নীতির বিধান সাপেক্ষে ও গভর্ণিং বোর্ডের অনুমোদনক্রমে বিকল্প লাইসেন্স ইস্যু করিবে।

(৩) বিকল্প লাইসেন্সধারীর নিকট হইতে অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত ক্ষতিপূরণ আদায়যোগ্য হইবে।

(৪) উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত নোটিশ প্রদানের ২৭০ (দুইশত সত্তর) দিনের মধ্যে বাতিলকৃত লাইসেন্সধারীর স্থলাভিষিক্তের জন্য কোন যোগ্য আবেদনকারী পাওয়া না গেলে কর্তৃপক্ষ, ক্ষতিগ্রস্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের কার্যক্রম অব্যাহত রাখিবার লক্ষ্যে সংশ্লিষ্ট বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার, অর্থনৈতিক অঞ্চল অপারেটর, অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার ও অপারেটর বা অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারীদের সহিত সমন্বয় সাধনপূর্বক একটি বাস্তবসম্মত সমাধানে উপনীত হইবে।

(৫) উপ-অনুচ্ছেদ (৪) এ উল্লিখিত সমাধান এইরূপ হইতে হইবে যাহাতে বাতিলকৃত লাইসেন্সের মেয়াদকাল পর্যন্ত অর্থনৈতিক অঞ্চল সংক্রান্ত সকল কার্যক্রম, উক্ত বাতিলকৃত লাইসেন্স, ডেভেলপার, অপারেটর, ডেভেলপার ও অপারেটর চুক্তি এবং অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্রে উল্লিখিত শর্তাবলীর সহিত, যতদূর সম্ভব, সঙ্গতিপূর্ণ রাখিয়া অব্যাহত রাখা ও পরিচালনা করা যায়।

(৬) বিকল্প লাইসেন্সধারী নিয়োগ এবং উপ-অনুচ্ছেদ (৪) ও (৫) এর অধীন ব্যবস্থা গ্রহণের মধ্যবর্তী সময়ের জন্য কর্তৃপক্ষ উপযুক্ত সংস্থার সহিত পরামর্শ করিয়া বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ব্যবহারকারী বা বসবাসকারীদের স্বার্থ সংরক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

## তৃতীয় অধ্যায়

## বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগকারীর বিশেষ সুবিধা ও নিশ্চয়তাসমূহ

১২। **বিদেশী মালিকানা**।—প্রযোজ্য আইনের বিধান সাপেক্ষে এবং বাংলাদেশে নিবন্ধিত হওয়া সাপেক্ষে, কোন বিদেশী নাগরিক বা প্রতিষ্ঠান কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ১০০% (একশত) ভাগ মালিকানা অর্জন করিতে পারিবে।

১৩। **সুযোগ সুবিধা ভোগের ক্ষেত্রে দেশি বিদেশী প্রতিষ্ঠানের সমঅধিকার**।—অধিগ্রহণ, উন্নয়ন, বর্ধিতকরণ, ব্যবস্থাপনা, কার্যক্রম, পরিচালনা, বিক্রয়, স্থানান্তর বা অন্য কোনভাবে হস্তান্তরের ক্ষেত্রে কর্তৃপক্ষসহ অন্যান্য সকল জাতীয়, আঞ্চলিক এবং স্থানীয় কর্তৃপক্ষের সহিত সম্পাদিত চুক্তি অনুযায়ী কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বাংলাদেশী বিনিয়োগকারী কর্তৃক বিনিয়োগের ক্ষেত্রে যেইরূপ সুযোগ সুবিধা ভোগ করিবার অধিকার থাকিবে, উক্ত অর্থনৈতিক অঞ্চলে বিদেশী বিনিয়োগকারী এবং বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানেরও সেইরূপ সুযোগ সুবিধা ভোগ করিবার অধিকার থাকিবে।

১৪। **নারী পুরুষের সমতা**।—(১) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে প্রযোজ্য আইনের বিধান অনুযায়ী নারী পুরুষের সমতা নিশ্চিত থাকিবে।

(২) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের কোন প্রতিষ্ঠানে নিয়োজিত সকল নারী শ্রমিক আইন, এই নীতি এবং প্রযোজ্য আইনের অধীন সমান সুরক্ষা পাইবে এবং উক্ত প্রতিষ্ঠান নারীদের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ নিশ্চিত করিবে, যথা :—

(ক) একই ধরনের কাজের ক্ষেত্রে সমান পারিশ্রমিক এবং সুবিধাদি পাইবার বিধান;

(খ) প্রযোজ্য আইনের অধীন গর্ভবতী নারীর আইনগত সুরক্ষা প্রদান।

১৫। **তহবিল স্থানান্তর**।—(১) আইনের ধারা ১০, ১৩ এবং প্রযোজ্য আইনের বিধান অনুযায়ী, বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের প্রতিষ্ঠান বা কোন বিনিয়োগকারী বা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত বিদেশী কর্মীকে (প্রযোজ্য আইনের অধীন কর পরিশোধ সাপেক্ষে), কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল হইতে রূপান্তরযোগ্য বিদেশী মুদ্রা সংগ্রহ এবং সকল বৈদেশিক বিনিময় লেনদেনসহ বাংলাদেশের অভ্যন্তরে এবং বাহিরে তহবিল স্থানান্তর সরকারি সিদ্ধান্ত অনুসারে সম্পন্ন করিতে হইবে এবং উক্ত স্থানান্তরের ক্ষেত্রে নিম্নবর্ণিত অর্থও অন্তর্ভুক্ত হইবে, যথা :—

(ক) কোম্পানির মূলধনের প্রত্যাবাসন, প্রারম্ভিক এবং পরবর্তীকালীন মূলধন যোগান এবং ধারণকৃত উপার্জন মূলধনে রূপান্তরকরণ;

(খ) কোম্পানির লাভ বা ডিভিডেনড বণ্টন এবং কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের বিনিয়োগ লব্ধ যে কোন উপার্জন;

(গ) ইসলামী ধার সংক্রান্ত নীতিমালার অধীন মুনাফা (Profit) পরিশোধ বা স্থানান্তর;

(ঘ) লাইসেন্স ফি, রয়্যালটি, ব্যবস্থাপনা ফি, কারিগরি সহায়তা ফি;

(ঙ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের বিনিয়োগকারী বা প্রতিষ্ঠানের বিদেশী কর্মীর অর্জিত পারিশ্রমিক, বেতনাদি ও মজুরি লব্ধ অর্থ;

(চ) কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল হইতে লব্ধ মূলধনী মুনাফা;

(ছ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের কোন বিনিয়োগের সম্পূর্ণ বা কোন অংশ বিক্রয় অথবা লিকুইডেশন লব্ধ নেট প্রসিডের (Proceeds) প্রত্যাবাসন;

(জ) কোন বিদেশী চুক্তির অধীন অর্থ পরিশোধ, কোন বিদেশী ঋণ চুক্তি অনুযায়ী মূল অর্থ পরিশোধ, কোন প্রযুক্তি স্থানান্তর চুক্তি হইতে উদ্ভূত অর্থ পরিশোধ এবং কোন বিদেশী পণ্য বা সেবা ক্রয়ের জন্য সরবরাহকারীকে প্রদেয় অর্থ পরিশোধ; এবং

(ঝ) কোন বিনিয়োগকারীর বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের বা প্রতিষ্ঠানের কোন ব্যক্তিগত সম্পত্তি দখলচ্যুতির কারণে সরকার হইতে ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অথবা কোন বিরোধ-নিষ্পত্তি সংক্রান্ত কার্যধারা হইতে উদ্ভূত অর্থ।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত স্থানান্তর, বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমতি প্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠান বা নিবন্ধিত বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে কার্যকর হইবে।

১৬। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে ব্যক্তিগত সম্পত্তির অধিকার সংরক্ষণ।**—(১) বাংলাদেশের সংবিধান এবং প্রচলিত আইন সাপেক্ষে, কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত কোন ব্যক্তিগত মালিকানাধীন সম্পত্তির উপর, উক্ত সম্পত্তির মূল মালিক বা সুবিধাভোগীর আইনগত অধিকার নিশ্চিত থাকিবে এবং বুদ্ধিবৃত্তিক সম্পত্তির অধিকারসহ (Intelectual Property Rights) সকল ব্যক্তিগত সম্পত্তির অধিকার সংরক্ষিত থাকিবে।

(২) প্রচলিত আইন অনুসারে দখলচ্যুতকরণ এবং ব্যক্তিগত সম্পত্তি জাতীয়করণ সংক্রান্ত বাধ্যবাধকতা এবং আইনের ধারা ৬ এ উল্লিখিত বিধান সাপেক্ষে, সরকার বা আঞ্চলিক বা স্থানীয় সরকার, সাধারণভাবে কোন সম্পত্তির অধিকার বা ব্যক্তিগত সম্পত্তি বা অর্থনৈতিক অঞ্চলের কোন বিনিয়োগ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দখলচ্যুতকরণ বা জাতীয়করণ করিবে না, তবে বাংলাদেশের সংবিধানে প্রদত্ত এতদ্‌সংক্রান্ত যথাযথ সাংবিধানিক প্রক্রিয়া, প্রযোজ্য আইন এবং Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (Ordinance No. II of 1982) এর বিধান অনুসরণে সরকার, প্রয়োজন মনে করিলে, উক্ত সম্পত্তি জনস্বার্থে জাতীয়করণ ও অধিগ্রহণ করিতে পারিবে এবং প্রযোজ্য আইন ও উক্ত Ordinance এর বিধানাবলী জাতীয়করণকৃত সম্পত্তি ও অধিগ্রহণকৃত সম্পত্তির ক্ষতিপূরণসহ অন্য যে কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

## চতুর্থ অধ্যায়

## কর্তৃপক্ষের প্রধান কার্যালয়, ওয়ান স্টপ সার্ভিস কার্যালয় ও উপযুক্ত সংস্থার সহিত সমন্বয়, ইলেকট্রনিক লাইসেন্সিং ও নিবন্ধন, ওয়েব সাইট

১৭। **প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়ের দায়িত্ব**।—(১) কর্তৃপক্ষের প্রধান কার্যালয় এবং অনুচ্ছেদ ১৮ অনুযায়ী প্রতিষ্ঠিত ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়সহ শাখা কার্যালয় থাকিবে।

(২) কর্তৃপক্ষের প্রধান কার্যালয় নিম্নবর্ণিত দায়িত্ব, কর্তব্য ও কার্যাবলী পালনের জন্য দায়ী থাকিবে, যথা :—

(ক) লাইসেন্স ইস্যু বা প্রত্যাহার সংক্রান্ত গেজেট প্রকাশ এবং এতদ্‌বিষয়ে তথ্য ও বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার, অপারেটর বা ডেভেলপার ও অপারেটর এর যাবতীয় তথ্য সংরক্ষণ এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের বিনিয়োগকারী ও প্রতিষ্ঠানসমূহের নিবন্ধনকরণ সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে সংরক্ষণ ও প্রকাশ;

(খ) আইন দ্বারা প্রদত্ত ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব, কর্তব্য ও কার্যাবলী সম্পাদন; এবং

(গ) কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব, কর্তব্য ও কার্যাবলী।

(৩) কর্তৃপক্ষের প্রত্যেক শাখা কার্যালয় নিম্নবর্ণিত দায়িত্ব, কর্তব্য ও কার্যাবলী পালনের জন্য দায়ী থাকিবে, যথা :—

(ক) বেসরকারী অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারীর অনুমতিপত্র মঞ্জুরী;

(খ) যেক্ষেত্রে লাইসেন্স অনুসারে কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটরকে কোন চুক্তির অধীন কর্তৃত্ব প্রদান করা না হয় সেইক্ষেত্রে সংশ্লিষ্ট বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের দৈনন্দিন প্রশাসনিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিধি-বিধান জারী; এবং

(গ) কর্তৃপক্ষ এবং প্রধান কার্যালয় কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব কর্তব্য ও কার্যাবলী সম্পাদন।

১৮। **কর্তৃপক্ষের ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়**।—(১) আইনের ধারা ১২ এর দফা (ক) অনুযায়ী কর্তৃপক্ষ, গভর্নিং বোর্ডের অনুমোদনক্রমে, ইহার প্রধান ও শাখা কার্যালয়ে ওয়ান স্টপ সার্ভিস কার্যালয় স্থাপন করিবে এবং উহার কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা :—

(ক) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল পরিচালনার জন্য অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার ও শিল্প ইউনিটসমূহের প্রয়োজনীয় সেবা, যেমন-বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি নির্বাচনের অনুমতি, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ঘোষণা, ক্লিয়ারেন্সসমূহ, সার্টিফিকেটসমূহ, সার্টিফিকেট অব অরিজিন, পারমিট ফর রিপ্যাটট্রিয়েশন অব ক্যাপিটাল এন্ড ডিভিডেনডস, লাইসেন্স, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র, বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের নির্মাণ পারমিট, ওয়ার্ক পারমিট, পরিবেশগত ছাড়পত্র এবং আইন, এই নীতি ও অন্য কোন প্রযোজ্য আইন অনুযায়ী প্রয়োজনীয় অন্যান্য সকল নিবন্ধন, রেসিডেন্ট ও নন রেসিডেন্ট ভিসা, পারমিট (আমদানি-রপ্তানি, ভূমি, নির্মাণ, শ্রমিক, স্বাস্থ্য ও নিরাপত্তাসহ) প্রদানের ব্যবস্থা;

(খ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল বিনিয়োগকারীদেরকে গতিশীল মধ্যস্থতা সেবা প্রদান;

(গ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলসমূহের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ, প্রশাসন এবং নিয়ন্ত্রণ ত্বরান্বিতকরণের লক্ষ্যে দ্রুততার সহিত সকল অর্থনৈতিক অঞ্চল বিনিয়োগকারীকে প্রযোজ্য ফরম, নির্দেশনা ও প্রশাসনিক সহায়তা প্রদান; এবং

(ঘ) কর্তৃপক্ষ এবং প্রধান কার্যালয় কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব, কর্তব্য ও কার্যাবলী।

(২) কর্তৃপক্ষ প্রতিটি ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়ে প্রয়োজনীয় অফিস স্পেস, সরঞ্জামাদি এবং জনবল প্রদান ও রক্ষণাবেক্ষণ করিবে।

(৩) প্রতিটি ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়, গভর্নিং বোর্ডের অনুমোদন এবং নির্বাহী চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন ওয়ান স্টপ সার্ভিস এবং কো-অর্ডিনেশন ম্যানেজার, অতঃপর ম্যানেজার বলিয়া উল্লিখিত, দ্বারা পরিচালিত হইবে এবং নির্বাহী বোর্ড কর্তৃক জারীকৃত রেজুলিউশন দ্বারা ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়ের কার্যাবলী, দায়িত্ব ও কর্তব্য নির্ধারিত হইবে।

(৪) ম্যানেজার নিয়মিত ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়ের কার্যাদি সম্পর্কে নির্বাহী চেয়ারম্যানের নিকট প্রতিবেদন দাখিল করিবে এবং ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়ের দৈনন্দিন ব্যবস্থাপনা, জনবলসহ অন্যান্য কার্যাবলী তত্ত্বাবধান করিবে।

১৯। **ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়ের মাধ্যমে উপযুক্ত সংস্থার সহিত সমন্বয়।**—(১) কর্তৃপক্ষ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে উপযুক্ত সংস্থার সংশ্লিষ্ট নিয়ন্ত্রণমূলক এখতিয়ার সংরক্ষণ এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের এলাকার উপর নিয়ন্ত্রণ নিশ্চিত করিবার উদ্দেশ্যে ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়ের মাধ্যমে উক্ত উপযুক্ত সংস্থার সহিত সমন্বয় করিবে।

(২) কর্তৃপক্ষ, ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়ের মাধ্যমে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলসমূহের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ, প্রশাসন ও নিয়ন্ত্রণ সহজীকরণ করিবার উদ্দেশ্যে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের প্রতিষ্ঠান ও বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীসহ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের বিনিয়োগকারীদের গতিশীল আন্তঃমধ্যস্থতা সেবা প্রদান, কোন উপযুক্ত সংস্থার সহিত এখতিয়ার সংক্রান্ত বিরোধ এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের কোন বিনিয়োগকারীর বিনিয়োগ সংক্রান্ত কোন বাধা, বিলম্ব বা অন্য কোন জটিলতা ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়ের মাধ্যমে সমাধানের ব্যবস্থা করিবে।

২০। **ইলেকট্রনিক পদ্ধতিতে লাইসেন্স এর আবেদন গ্রহণ, লাইসেন্স প্রদান, ইত্যাদি।**—(১) গভর্নিং বোর্ডের অনুমোদনক্রমে, কর্তৃপক্ষের যে কোন ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়, লাইসেন্স, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র, বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের নির্মাণ পারমিট, পরিবেশগত পারমিট ও ছাড়পত্র এবং অন্য কোন অনুমোদনের বিষয়ে ইলেকট্রনিক পদ্ধতিতে আবেদন গ্রহণ এবং উক্ত আবেদনের অনুমোদনের ব্যবস্থা প্রতিষ্ঠা করিবে।

(২) কর্তৃপক্ষ কর্তৃক উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত ব্যবস্থাসহ ইলেকট্রনিক পদ্ধতিতে আবেদন ফরম এবং আবেদন ফরম দাখিল বিষয়ক হালনাগাদ নির্দেশনাসমূহ সংরক্ষণ ও প্রকাশ করিবে।

২১। **কর্তৃপক্ষের ওয়েব সাইট**।—প্রধান কার্যালয়, শাখা কার্যালয় এবং ওয়ান স্টপ সার্ভিস কার্যালয়সমূহ, বেসরকারি অর্থনৈতিক অঞ্চলসমূহের তথ্য বিনিময় সহজীকরণ ও প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির জন্য কর্তৃপক্ষের অফিসিয়াল ওয়েবসাইটে নিম্নবর্ণিত বিষয়াদির বিস্তারিত হালনাগাদ বিবরণ সংরক্ষণ ও তথ্যাদি প্রকাশ করিবে, যথা :—

(ক) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্যাবলী;

(খ) লাইসেন্স, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র, বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের নির্মাণ পারমিট, পরিবেশগত পারমিট ও ছাড়পত্র, ব্যবসা নিবন্ধন, এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের বিনিয়োগকারীর বিনিয়োগ সংক্রান্ত ফরমসহ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল সংক্রান্ত অন্যান্য আবেদন ফরম; এবং

(গ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের বিনিয়োগকারী ও অর্থনৈতিক অঞ্চলের প্রতিষ্ঠানসমূহের তথ্য।

## পঞ্চম অধ্যায়

## ডেভেলপার এবং অপারেটরের নিয়োগ, যোগ্যতা, অধিকার ও দায়বদ্ধতা, ইত্যাদি

২২। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার বা বেসরকারি অর্থনৈতিক অঞ্চল অপারেটর নিয়োগ**।—(১) কোন লাইসেন্সধারী বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসার করিবার জন্য অনুচ্ছেদ ২৩ এর বিধান সাপেক্ষে ডেভেলপার বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর নিয়োগ করিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ডেভেলপার বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর হিসাবে নিয়োগ লাভের যোগ্য হইলে লাইসেন্সধারী তাহার সহিত চুক্তি সম্পাদন করিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন চুক্তি কার্যকর হইবার তারিখ হইতে ১৮০ (একশত আশি) দিনের মধ্যে চুক্তির শর্তানুসারে সংশ্লিষ্ট ডেভেলপার, অপারেটর বা ডেভেলপার ও অপারেটরকে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি বা উক্ত ভূমিতে অবস্থিত অন্যান্য সম্পদের উপর নিরঙ্কুশ মালিকানা এবং নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করিতে হইবে।

২৩। **ডেভেলপার বা অপারেটরের যোগ্যতা, ইত্যাদি**।—কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ডেভেলপার বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর হিসাবে নিয়োগ লাভের জন্য যোগ্য হইবে না যদি না তাহার নিম্নবর্ণিত যোগ্যতা থাকে, যথা :—

(ক) ভূমি উন্নয়ন সংক্রান্ত কাজের অভিজ্ঞতা; এবং

(খ) নীট সম্পদ (Net worth) অন্যূন ৫০ (পঞ্চাশ) কোটি টাকা।

**২৪। ডেভেলপারের অধিকার ও সুবিধাদি।**—(১) ডেভেলপার এই নীতি, আইন, প্রচলিত অন্যান্য আইন, বিধি-বিধান, আইনগত দলিল, লাইসেন্স এবং ডেভেলপার চুক্তি অনুসারে নিম্নবর্ণিত অধিকার ও সুবিধা প্রাপ্য হইবে, যথা :—

(ক) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমির নিরঙ্কুশ মালিকানা এবং উক্ত ভূমিতে অবস্থিত অন্যান্য সম্পত্তির উন্নয়ন, ব্যবহার এবং রক্ষণাবেক্ষণ;

(খ) অধীনস্থ ইজারা বন্দোবস্তের মাধ্যমে (Sub-lease arrangements) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি বা উক্ত ভূমিতে অবস্থিত অন্যান্য সম্পদ হস্তান্তর করা এবং উক্ত হস্তান্তরের জন্য প্রদেয় অর্থ গ্রহণ এবং ভাড়ার ফি সংগ্রহ;

(গ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর চাহিদার সহিত সামঞ্জস্য রাখিয়া বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে বা বাহিরে সকল ধরনের ইউটিলিটি এবং অন্যান্য মৌলিক সেবা প্রদান এবং উক্তরূপ সেবা প্রদানের জন্য ফি আরোপ;

(ঘ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের অন-সাইট অবকাঠামো ও অন্যান্য সম্পত্তির উন্নয়ন, ব্যবহার এবং পরিচর্যার জন্য বেসরকারি তৃতীয় পক্ষের সহিত চুক্তি সম্পাদন বা কোন ঠিকাদার নিয়োগ;

(ঙ) দেশী এবং বিদেশী নাগরিককে কর্মে নিয়োগ;

(চ) প্রদত্ত কোন প্রণোদনা;

(ছ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের মাস্টার প্ল্যান পরিবর্তন বা সংশোধনের জন্য উক্তরূপ পরিবর্তন বা সংশোধনের বিস্তারিত বর্ণনা, কারণ এবং উক্তরূপ পরিবর্তন বা সংশোধনের ফলে কারিগরি, পরিচালনা ও আর্থিকভাবে কি প্রভাব পড়িবে উহার বিস্তারিত বাজার বিশ্লেষণ উল্লেখপূর্বক কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে এবং কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে উহা সংশোধন বা পরিবর্তন করিতে পারিবে;

(জ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য কোন সুবিধাদি।

(২) কোন ডেভেলপার বা তাহার অধীনস্থ কোন ঠিকাদার বা তৃতীয় পক্ষ প্রতিষ্ঠান উপ-অনুচ্ছেদ (১) এর অধীন প্রদত্ত সুবিধাদি অনুচ্ছেদ ২২ এর উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তসমূহ পূরণকালীন সময় পর্যন্ত ভোগ করিতে পারিবে।

২৫। **ডেভেলপারের আইনগত বাধ্যবাধকতা।**—ডেভেলপার এই নীতি, আইন, প্রচলিত অন্যান্য আইন, বিধি-বিধান, আইনগত দলিল, লাইসেন্স এবং ডেভেলপার চুক্তির শর্তাবলি প্রতিপালনসহ নিম্নবর্ণিত আইনগত বাধ্যবাধকতাসমূহ মানিয়া চলিবে, যথা :—

(ক) অন-সাইট অবকাঠামো, পরিবহণ সংযোগ এবং কর্মজীবীদের কোয়ার্টারসহ অর্থনৈতক অঞ্চলের ভূমির উপর স্থাপনা নির্মাণ;

(খ) ভূমি ব্যবহার চিহ্নিতকরণ, সামাজিক সমস্যা হ্রাসকরণ পদক্ষেপসমূহ এবং জোনিং প্ল্যানসহ অর্থনৈতিক অঞ্চলের বিস্তারিত মাস্টার প্ল্যান এককভাবে বা অন্য কোন ব্যক্তির সহযোগিতায় প্রস্তুতকরণ;

(গ) বাংলাদেশের দীর্ঘ মেয়াদী টেকসই অর্থনৈতিক উন্নয়ন লক্ষ্যের সহিত সমাঞ্জস্য রাখিয়া যৌক্তিক বাণিজ্যিক পন্থায় বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন করা;

(ঘ) নিম্নলিখিত তথ্যাদিসহ একটি বাৎসরিক প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করা, যথা :—

(অ) বিগত পঞ্জিকা বৎসরে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে গৃহীত বিনিয়োগ এবং পরবর্তী পঞ্জিকা বৎসরে সম্ভাব্য বিনিয়োগ সম্পর্কিত তথ্য;

(আ) উন্নয়নাধীন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমির এলাকা এবং উহার উপর নির্মিত স্থাপনা সম্পর্কিত তথ্য;

(ই) কর্তৃপক্ষ কর্তৃক চাহিত সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি;

(ঙ) লাইসেন্সে উল্লিখিত তফসিল এবং ডেভেলপার চুক্তিতে নির্ধারিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের পর্যায়ক্রমিক উন্নয়নের সময়সূচি অনুযায়ী কার্য সম্পাদন এবং কর্তৃপক্ষ কর্তৃক চাহিত আর্থিক উন্নয়ন বাধ্যবাধকতা, যেমন-মূলধন এবং ঋণ অর্থায়নের পরিমাণ ও সময়সূচির প্রতিপালন;

(চ) নিয়োগকৃত বাংলাদেশী কর্মীদেরকে কারিগরি প্রশিক্ষণ প্রদান;

(ছ) আইনের ধারা ৩৩ ও ৩৪, এই নীতি এবং প্রযোজ্য অন্যান্য আইনে উল্লিখিত পরিবেশ এবং শ্রম সংক্রান্ত বাধ্যবাধকতা প্রতিপালন;

(জ) কোন উপযুক্ত সংস্থা কর্তৃক প্রাপ্য সকল ফি, কর বা অন্য কোন বকেয়া পরিশোধ করা;

(ঝ) সকল কোম্পানি বই, রেকর্ড, হিসাব এবং আর্থিক বিবরণী আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান অনুযায়ী সংরক্ষণ করা;

(ঞ) অন্যান্য বাধ্যবাধকতা প্রতিপালন।

**২৬। অপারেটরের অধিকার ও সুবিধাদি।**—(১) অপারেটর এই নীতি, আইন, প্রচলিত অন্যান্য আইন, বিধি-বিধান, আইনগত দলিল, লাইসেন্স এবং অপারেটর চুক্তি অনুসারে নিম্নবর্ণিত অধিকার ও সুবিধা প্রাপ্য হইবে, যথা :—

(ক) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি বা উক্ত ভূমিতে অবস্থিত অন্যান্য সম্পদের নিরঙ্কুশ মালিকানা এবং নিয়ন্ত্রণ;

(খ) অধীনস্থ ইজারা বন্দোবস্তের মাধ্যমে (Sub-lease arrangements) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি বা উক্ত ভূমিতে অবস্থিত অন্যান্য সম্পদ হস্তান্তর এবং উক্ত হস্তান্তরের জন্য প্রদেয় অর্থ গ্রহণ এবং ভাড়ার ফি সংগ্রহ;

(গ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের দৈনন্দিন কার্যাবলী পরিচালনার উদ্দেশ্যে প্রযোজ্য অভ্যন্তরীণ পরিচালনা নীতি ও পদ্ধতি প্রণয়ন ও জারী;

(ঘ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসার;

(ঙ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর চাহিদার সহিত সামঞ্জস্য রাখিয়া বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে বা বাহিরে সকল ধরনের ইউটিলিটি এবং অন্যান্য মৌলিক সেবা প্রদান এবং উক্ত সেবা প্রদানের জন্য, এই নীতির অনুচ্ছেদ ২৭ এর দফা (ঙ) এর বিধান সাপেক্ষে ফি আরোপ;

(চ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের জন্য বেসরকারি তৃতীয় পক্ষ বাংলাদেশী প্রতিষ্ঠানের সহিত চুক্তি সম্পাদন;

(ছ) দেশী এবং বিদেশী নাগরিককে কর্মে নিয়োগ;

(জ) প্রদত্ত প্রণোদনা;

(ঝ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য কোন সুবিধা ভোগ।

(২) কোন অপারেটর, তাহার অধীনস্থ কোন ঠিকাদার বা তৃতীয় পক্ষ প্রতিষ্ঠান আইন এবং এই নীতির অধীন প্রদত্ত সুবিধাদি অনুচ্ছেদ ২২ এর উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তসমূহ পূরণকালীন সময় পর্যন্ত ভোগ করিতে পারিবে।

২৭। **অপারেটরের আইনগত বাধ্যবাধকতা**।—অপারেট এই নীতি, আইন, প্রচলিত অন্যান্য আইন, বিধি-বিধান, আইনগত দলিল, লাইসেন্স এবং অপারেটর চুক্তির শর্তাবলী প্রতিপালনসহ নিম্নবর্ণিত আইনগত বাধ্যবাধকতাসমূহ মানিয়া চলিবে, যথা :—

(ক) লাইসেন্সধারী অপারেটরকে ক্ষমতা অর্পণ করিলে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র ইস্যু;

(খ) স্বাস্থ্য, নিরাপত্তা এবং পরিবেশ সম্পর্কিত নীতি ও পদ্ধতিসহ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরীণ পরিচালনা নীতি ও পদ্ধতি এবং প্রযোজ্য আইন অনুযায়ী বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর কার্যক্রম পরিবীক্ষণ;

(গ) সকল অন-সাইট অবকাঠামো এবং সকল ধরনের ইউটিলিটি ও অন্যান্য মৌলিক সেবাসহ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত সকল সম্পত্তি সকল সময় সচল অবস্থায় সংরক্ষণ;

(ঘ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর সহিত, যুক্তিসংগতভাবে সমান আচরণ করা এবং বৈষম্য পরিহার;

(ঙ) যুক্তিসঙ্গত বাণিজ্যিক বিবেচনায় বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের কোন ইউটিলিটি বা অন্য কোন মৌলিক সেবার জন্য ফি নির্ধারণ;

(চ) কর্তৃপক্ষের সহিত সমন্বয়ের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিকভাবে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলকে প্রচার করা;

(ছ) নিম্নলিখিত তথ্যাদিসহ একটি বাৎসরিক প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করা, যথা :—

(অ) বিগত পঞ্জিকা বৎসরে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে গৃহীত বিনিয়োগ এবং পরবর্তী পঞ্জিকা বৎসরে সম্ভাব্য বিনিয়োগ সম্পর্কিত তথ্য;

(আ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের সকল প্রতিষ্ঠানের সংখ্যা, আকার, কর্মসংস্থান, বিনিয়োগ ও ব্যবসায়িক কার্যক্রম;

(ই) পরিচালনাধীন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমির এলাকা এবং উহার উপর নির্মিত স্থাপনা সম্পর্কিত তথ্য; এবং

(ঈ) কর্তৃপক্ষ কর্তৃক প্রাসঙ্গিক বলিয়া বিবেচিত অন্যান্য তথ্য;

(জ) নিম্নলিখিত তথ্যাদিসহ প্রতি মাসে পরিচালিত কার্যক্রম সম্পর্কিত একটি পাক্ষিক প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করা, যথা :—

(অ) মহিলা কর্মজীবীদের সংখ্যাসহ কর্মসংস্থানের পরিসংখ্যান;

(আ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল হইতে সম্পন্ন সকল রপ্তানির আর্থিক মূল্য ও পরিমাণ সম্পর্কিত তথ্য;

(ই) একই বা ভিন্ন কাস্টম বন্ডেড এরিয়া এবং স্থানীয় ট্যারিফ এলাকায় বিক্রয়ের পরিমাণসহ বেসরকারি অর্থনৈতক অঞ্চলে অন্যান্য সকল বিক্রয়ের পরিমাণ ও আর্থিক মূল্য সম্পর্কিত তথ্য;

(ঈ) মোট বিনিয়োগের আর্থিক মূল্য সম্পর্কিত তথ্য;

(ঝ) লাইসেন্সে উল্লিখিত তফসিলে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল পরিচালনার সময়সূচি অনুযায়ী কার্য সম্পাদন এবং কর্তৃপক্ষ কর্তৃক চাহিত আর্থিক পরিচালনার বাধ্যবাধকতা, যেমন- মূলধন এবং ঋণ অর্থায়নের পরিমাণ ও সময়সূচির প্রতিপালন;

(ঞ) নিয়োগকৃত বাংলাদেশী শ্রমিকদের কারিগরি প্রশিক্ষণ প্রদান;

(ট) আইনের ধারা ৩৩ ও ৩৪, এই নীতি এবং প্রযোজ্য অন্যান্য আইনে উল্লিখিত পরিবেশ এবং শ্রম সংক্রান্ত বাধ্যবাধকতা প্রতিপালন;

(ঠ) সকল কোম্পানি বই, রেকর্ড, হিসাব এবং আর্থিক বিবরণী আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান অনুযায়ী সংরক্ষণ;

(ড) কোন উপযুক্ত সংস্থা কর্তৃক প্রাপ্য সকল ফি, কর বা অন্য কোন বকেয়া পরিশোধ;

(ঢ) কর্তৃপক্ষসহ কোন উপযুক্ত সংস্থা কর্তৃক অর্পিত কোন প্রশাসনিক কার্যাবলী প্রতিপালন করা;

(ণ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের সীমানা এবং সাধারণ এলাকায় পর্যাপ্ত নিরাপত্তা প্রদান; এবং

(ত) অন্যান্য বাধ্যবাধকতা প্রতিপালন করা।

## ষষ্ঠ অধ্যায়

## বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী, অনুমতিপত্র, অধিকার ও দায়বদ্ধতা, ইত্যাদি

**২৮। বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারীর জন্য সাধারণ শর্ত।**—সরকারের শিল্প নীতিতে ভিন্নরূপ কোন নির্দেশনা না থাকিলে এবং আইনের ধারা ১৫ এর বিধান সাপেক্ষে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে অনুমোদিত কোন কার্যক্রম পরিচালনা করিতে আগ্রহী কোন প্রতিষ্ঠান বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র ব্যতীত কোন কার্যক্রম গ্রহণ করিতে পারিবে না।

**২৯। বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র এর জন্য আবেদনের শর্তাবলী ও পদ্ধতি।**—(১) কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র প্রাপ্তির জন্য কোন প্রতিষ্ঠানকে ক্ষেত্রমত, কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটরের নিকট লিখিত আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত তথ্যাবলী ও দলিলাদি সংযুক্ত করিতে হইবে, যথা :—

(ক) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত এককালীন ও অফেরতযোগ্য আবেদন ফি পরিশোধ সংক্রান্ত রসিদ;

(খ) আবেদনকারী প্রতিষ্ঠানের বৈধ বাণিজ্যিক নিবন্ধন সনদ;

(গ) আবেদনকারী প্রতিষ্ঠানের সকল প্রসঙ্গিক বাণিজ্যিক তথ্য সম্বলিত একটি নোটারিকৃত লিখিত বিবৃতি, যাহাতে উক্ত প্রতিষ্ঠান ও তাহার মালিক, পরিচালনা পর্ষদ বা সমতুল্য ব্যবস্থাপনা কমিটি, অডিটর এবং ব্যাংকারের নাম, ঠিকানা ও জাতীয়তা এবং উক্ত প্রতিষ্ঠানের মূলধনীয় মালিকানা শেয়ার বিবরণ উল্লেখ থাকিবে;

(ঘ) প্রস্তাবিত কার্যক্রম এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের অনুমোদিত মাস্টার প্ল্যানের সহিত উক্ত কার্যক্রমের উপযুক্ততার ব্যাখ্যা;

(ঙ) পর্যায় ক্রমিক ডিজাইন, নির্মাণ কাজ ও সক্রিয়করণসহ আবেদনকারী প্রদত্ত সুবিধাদির ডিজাইন, নির্মাণ এবং চালুকরণের প্রাক্কলিত সময়সূচি;

(চ) সম্ভাব্য নিয়োগপ্রাপ্ত শ্রমিকের সংখ্যা ও জাতীয়তা;

(ছ) প্রযোজ্য আইন অনুযায়ী, প্রয়োজন হইলে, পরিবেশ ব্যবস্থাপনা সংক্রান্ত প্ল্যান; এবং

(জ) প্রতিষ্ঠানের প্রস্তাবিত স্থাপনা, কার্যক্রম, পণ্য, উপাদান ও বর্জ্যের ক্ষেত্রে পরিবেশ, স্বাস্থ্য, নিরাপত্তা ও ঝুঁকি সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণ করিবার প্রমাণ।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর ক্ষেত্রমত, কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটরের আবেদনপত্রে কোন ক্রুটি বা অসম্পূর্ণতা পরিলক্ষিত হইলে উক্ত ক্রুটিসমূহ উল্লেখপূর্বক, আবেদন দাখিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারী প্রতিষ্ঠানকে নোটিস প্রদান করিবে এবং আবেদনকারী প্রতিষ্ঠান উক্ত নোটিস প্রাপ্তির ৪৫(পঁয়তাল্লিশ) দিনের মধ্যে ক্রুটিসমূহ সংশোধনক্রমে, একটি সংশোধিত আবেদন ক্ষেত্রমত, কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটরের নিকট দাখিল করিবে।

(৩) আবেদনকারী উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত কার্যক্রম গ্রহণ না করিলে তাহাকে মূল আবেদন ফেরত প্রদান করা হইবে।

(৪) উপ-অনুচ্ছেদ (২) ও (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর প্রয়োজন মনে করিলে, আবেদনের কার্যক্রম চলাকালীন যেকোন সময়ে আবেদনকারী প্রতিষ্ঠানকে অতিরিক্ত তথ্য বা দলিলাদি দাখিলের অনুরোধ করিতে পারিবে অথবা আবেদনকারী প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত লিখিত আবেদনের ভিত্তিতে তাহার লিখিত আবেদন সংশোধনের অনুমতি দিতে পারিবে।

৩০। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র ইস্যুকরণ।**—(১) অনুচ্ছেদ ২৯ এর উপ-অনুচ্ছেদ (২) ও (৪) এর অধীন কার্যক্রম সম্পন্ন হইবার পর, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর, যাচাই বাছাই করিয়া সঠিক পাইলে ৬০ (ষাট) দিনের মধ্যে আবেদনকারীর অনুকূলে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র মঞ্জুর করিবে অথবা সঠিক না পাইলে প্রত্যাখ্যান করিবে।

(২) কর্তৃপক্ষ বা লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্রের জন্য অনুচ্ছেদ ২৯ এর উপ-অনুচ্ছেদ (১) এর অধীন আবেদন দাখিলের ৬০ (ষাট) দিনের মধ্যে দাখিলকৃত আবেদন পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সঠিক পাইলে, উক্ত প্রতিষ্ঠান বরাবর বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র ইস্যু করিবে এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র ইস্যুকরণের বিষয়টি কর্তৃপক্ষের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে।

(৩) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহার অনুমতিপত্র কার্যকর হইবার তারিখ হইতে ৯০(নব্বই) দিনের মধ্যে উক্ত অনুমতিপত্রের শর্ত অনুসারে ব্যবহারকারীর বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি বা উক্ত ভূমিতে অবস্থিত অন্যান্য সম্পদের নিরঙ্কুশ মালিকানা বা ইজারার ভিত্তিতে অর্জন এবং নিয়ন্ত্রণ করিতে হইবে।

(৪) কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্রের সম্পূর্ণ বা আংশিক অংশ কোন তৃতীয় পক্ষের নিকট বিক্রয় বা হস্তান্তর করিতে পারিবে না।

৩১। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারীর অধিকার ও সুবিধাদি।—(১)** কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী, এই নীতি, আইন, প্রচলিত অন্যান্য আইন, বিধি-বিধান, আইনগত দলিল এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী অনুমতিপত্র অনুসারে নিম্নবর্ণিত অধিকার ও সুবিধা প্রাপ্য হইবে, যথা:—

(ক) অনুমোদিত যেকোন কার্যক্রম পরিচালনা;

(খ) নিরঙ্কুশ মালিকানা বা ইজারার ভিত্তিতে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি অর্জন করা;

(গ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্রসহ প্রযোজ্য সকল আইন এবং অনুচ্ছেদ ৩৩ অনুযায়ী কর্তৃপক্ষের লিখিত অনুমোদন সাপেক্ষে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি বা যেকোন সম্পদ হস্তান্তর করা;

(ঘ) দেশী এবং বিদেশী নাগরিককে কর্মে নিয়োগ;

(ঙ) প্রদত্ত প্রণোদনা;

(চ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে কোন বাংলাদেশী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ইউটিলিটি বা অন্যান্য মৌলিক সেবার জন্য ডেভেলপার, অপারেটর বা ডেভেলপার ও অপারেটর কর্তৃক নির্ধারিত ফিসমূহের ক্ষেত্রে, প্রতিযোগিতামূলক বাজার অবস্থার প্রতিফলন না ঘটিলে, আপত্তি করা; এবং

(ছ) অন্য কোন অধিকার প্রয়োগ বা সুবিধা।

(২) কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী এই নীতির অধীন প্রদত্ত অধিকারসমূহ অনুচ্ছেদ ৩০ এর উপ-অনুচ্ছেদ (৩) এর শর্তসমূহ পূরণকালীন সময় পর্যন্ত ভোগ করিতে পারিবে।

৩২। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারীর আইনগত বাধ্যবাধকতা।**—কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী আইন, এই নীতি, লাইসেন্স, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র, বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে প্রযোজ্য অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত নীতি ও বিধান প্রতিপালনসহ নিম্নবর্ণিত আইনগত বাধ্যবাধকতাসমূহ মানিয়া চলিবে, যথা:—

(ক) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্রে নির্ধারিত কার্যসম্পাদন, তফসিল অনুযায়ী উৎপাদন ও নির্মাণসহ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল সংক্রান্ত অনুমোদিত সকল কার্যক্রম পরিচালনা করা এবং নিয়ন্ত্রণাধীন সকল সুবিধাদি ও অন-সাইট অবকাঠামো কর্মক্ষম অবস্থায় সংরক্ষণ করা;

(খ) নিয়োগকৃত বাংলাদেশী কর্মীদের কারিগরি প্রশিক্ষণ প্রদান;

(গ) কোন উপযুক্ত সংস্থা কর্তৃক প্রাপ্য সকল ফি, কর বা অন্য কোন বকেয়া পরিশোধ করা;

(ঘ) ক্ষেত্রমত, লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটররের নিকট নিম্নবর্ণিত তথ্যাদিসহ একটি বাৎসরিক প্রতিবেদন দাখিল করিবে, যথা:—

(অ) বিগত পঞ্জিকা বৎসরে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে গৃহীত বিনিয়োগ এবং পরবর্তী পঞ্জিকা বৎসরে সম্ভাব্য বিনিয়োগ সম্পর্কিত তথ্য;

(আ) গৃহীত ব্যবসায়িক কার্যক্রমের সংখ্যা, আকার, কর্মসংস্থান ও বিনিয়োগ সম্পর্কিত তথ্য;

(ই) পরিচালনাধীন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমির এলাকা এবং উহার উপর নির্মিত স্থাপনা সম্পর্কিত তথ্য; এবং

(ঈ) কর্তৃপক্ষ কর্তৃক প্রাসঙ্গিক বলিয়া বিবেচিত অন্যান্য তথ্য;

(ঙ) ক্ষেত্রমত, লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটরের নিকট নিম্নবর্ণিত তথ্যাদিসহ প্রতি মাসে পরিচালিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল সংক্রান্ত কার্যক্রমের একটি মাসিক প্রতিবেদন দাখিল করিবে, যথাঃ—

(অ) মহিলা কর্মজীবীদের সংখ্যাসহ কর্মসংস্থানের পরিসংখ্যান;

(আ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল হতে সম্পন্ন সকল রপ্তানির আর্থিক মূল্য ও পরিমাণ সম্পর্কিত তথ্য;

(ই) একই বা ভিন্ন কাস্টম বণ্ডেড এরিয়া এবং স্থানীয় ট্যারিফ এলাকায় বিক্রয়ের পরিমাণসহ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে অন্যান্য সকল বিক্রয়ের পরিমাণ ও আর্থিক মূল্য সম্পর্কিত তথ্য;

(ঈ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে মোট বিনিয়োগের আর্থিক মূল্য;

(চ) পরিবেশ এবং শ্রম সংক্রান্ত বাধ্যবাধকতা প্রতিপালন করা;

(ছ) কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে কোন ভবন, সুবিধাদি বা ফ্যাসিলিটি বা অন্যান্য কাঠামোসহ যে কোন অবকাঠামো নির্মাণ শুরু করিবার পূর্বে প্রযোজ্য আইন, আইন ও আইনের অধীন প্রণীত বিধি, প্রবিধান ও প্রজ্ঞাপন অনুযায়ী বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের নির্মাণ পারমিট সংগ্রহ করা।

৩৩। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী কর্তৃক ভূমি হস্তান্তর**।—কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটরের লিখিত অনুমোদন ব্যতীত, কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী অনুমতিপত্রে উল্লিখিত অঙ্গীকারসমূহ কোন তৃতীয় পক্ষ কর্তৃক সম্পাদন করিতে পারিবে না অথবা কোন ভূমি বা উহার উপর অবস্থিত অন্য কোন সম্পত্তির সম্পূর্ণ বা অংশ বিশেষ, কোন অধীনস্থ ইজারা ব্যবস্থার মাধ্যমে বা অন্য কোন প্রক্রিয়ায়, কোন তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর করিতে পারিবে না।

৩৪। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র স্থগিত বা প্রত্যাহার**।—(১) কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী, আইন, এই নীতি, প্রযোজ্য কোন আইন বা বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্রের শর্তাবলী লঙ্ঘন করিলে, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারীকে ৬০ (ষাট) দিনের লিখিত নোটিস প্রদান এবং যথাযথ শুনানির সুযোগ প্রদানপূর্বক, বাংলাদেশের সংবাদপত্র প্রকাশের মাধ্যমে, উক্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র স্থগিত বা প্রত্যাহার করিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর নিম্নবর্ণিত ক্ষেত্রে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারীকে ৬০ (ষাট) দিনের লিখিত নোটিস এবং শুনানির সুযোগ প্রদান করতঃ বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশের মাধ্যমে, কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র প্রত্যাহার করিতে পারিবে, যথাঃ—

(ক) অনুমতিপত্রের শর্ত পুনঃ পুনঃ লংঘন করিলে;

(খ) অনুচ্ছেদ ৩০ এর উপ-অনুচ্ছেদ (৪) বা অনুচ্ছেদ ৩৩ এর বিধান লঙ্ঘন করিলে অথবা অনুচ্ছেদ ৩৫ এর বিধান অনুযায়ী কার্যক্রম বন্ধ করিলে;

(গ) অনুচ্ছেদ ৩২ এর দফা (ক) এ উল্লিখিত তফসিল অনুযায়ী কার্য সম্পাদনে ব্যর্থ হইলে এবং উক্ত কার্য সম্পাদনে ব্যর্থতার জন্য ক্ষেত্রমত, কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটর কর্তৃক ২(দুই) বার লিখিত নোটিস প্রদান করা হইলে;

(ঘ) দেউলিয়া ঘোষিত হইলে;

(ঙ) উপযুক্ত সংস্থা কর্তৃক প্রাপ্য সকল ফি, কর বা অন্য কোন বকেয়া পরিশোধ করিতে ব্যর্থ হইলে;

(চ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্রের জন্য আবেদনপত্রে কোন অসত্য তথ্য, ঘোষণা বা বর্ণনা প্রদান করিলে;

(ছ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্রে বা তফসিল-১ এ উল্লিখিত কোন নিষিদ্ধ, বেআইনী বা অবৈধ কার্যক্রমের সহিত জড়িত থাকিলে;

(জ) কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা ডেভেলপার ও অপারেটরের অনুমতি ব্যতিরেকে কোন ঋণদাতার বন্ধকী অধিকারসহ প্রযোজ্য আইন সাপেক্ষে, একাধিক্রমে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন ইহার বাণিজ্যিক কার্যক্রম বন্ধ বা বিরত রাখিলে।

(৩) এই অনুচ্ছেদের অধীন কোন প্রতিষ্ঠানের বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারের অনুমতিপত্র স্থগিত বা প্রত্যাহার করা হইলে, উক্ত প্রতিষ্ঠান বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী হিসাবে মর্যাদা হারাইবে এবং প্রয়োজনে উক্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারীর বিরুদ্ধে প্রযোজ্য আইন অনুযায়ী কোন আইনগত পদক্ষেপ গ্রহণ করা যাইবে।

৩৫। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারীর কার্যক্রম স্বেচ্ছায় বন্ধকরণ।**—কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ব্যবহারকারী স্বেচ্ছায় বেসরকারি অর্থনৈতিক অঞ্চল সংক্রান্ত কার্যক্রম বন্ধ করিতে চাইলে কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট লাইসেন্সধারী বা অপারেটর বা বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার ও অপারেটরকে উক্ত কার্যক্রম বন্ধ করিবার ৬০ (ষাট) দিন পূর্বে অগ্রিম লিখিত নোটিস প্রদান করিবে।

## সপ্তম অধ্যায়

## বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর যোগ্যতা, অধিকার ও দায়বদ্ধতা, ইত্যাদি

৩৬। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় কোন ব্যক্তির বসবাসের যোগ্যতা।**—(১) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় কোন ব্যক্তি এই অনুচ্ছেদ এবং অনুচ্ছেদ ৩৭ এর বিধান অনুসারে সনদপত্র গ্রহণক্রমে বসবাসকারী হিসাবে বসবাস করিতে পারিবে।

(২) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় বসবাসের জন্য কোন ব্যক্তিকে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় অবস্থিত ভূমি ও উক্ত ভূমির উপর অবস্থিত রিয়েল এস্টেট অর্জনের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত আবেদন ফরমে কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে এবং আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে, যথা:—

(ক) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় অবস্থিত ভূমির সম্ভাব্য বিক্রেতা বা ইজারাদার বা রিয়েল এস্টেট এর নিকট হইতে তাহার অনুকূলে উক্ত সম্পত্তি হস্তান্তরের সম্ভাব্য বিক্রয় বা ইজারা চুক্তি অথবা ইচ্ছা পত্র;

(খ) আবেদনকারীর আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে উপযুক্ত প্রমাণপত্র;

(গ) আবেদনকারী উন্নত নৈতিক চরিত্রের অধিকারী মর্মে উপযুক্ত প্রমাণপত্র।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন আবেদন প্রাপ্তির ৪৫(পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ, সন্তুষ্ট হইলে, আবেদনকারীকে উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত ভূমি ও রিয়েল এস্টেট অর্জনের লিখিত অনুমতি প্রদান করিবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন কর্তৃপক্ষের লিখিত অনুমোদন প্রাপ্তির ১৫০(একশত পঞ্চাশ) দিনের মধ্যে আবেদনকারীকে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি বা রিয়েল এস্টেট এর নিরঙ্কুশ মালিকানা বা ইজারার ভিত্তিতে অর্জন করিতে হইবে এবং নিয়ন্ত্রণে রাখিতে হইবে।

(৫) উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী আবেদনকারী কর্তৃক সংশ্লিষ্ট বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি বা রিয়েল এস্টেট অর্জন এবং নিয়ন্ত্রণে রাখিবার ৩০(ত্রিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট হইতে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসের সনদপত্র গ্রহণ করিতে হইবে।

(৬) এই অনুচ্ছেদের অধীন কর্তৃপক্ষ কর্তৃক বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসের সনদপত্র গ্রহণ না করা পর্যন্ত কোন ব্যক্তি, এই নীতির অধীন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারী হিসাবে বসবাস করিতে পারিবে না।

(৭) এই অনুচ্ছেদের অধীন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর মর্যাদা অর্জনকারী ব্যক্তির অনুকূলে কর্তৃপক্ষ একটি বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক পরিচয়পত্র ইস্যু করিবে।

৩৭। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগপ্রাপ্ত ব্যক্তি, শ্রমিক, ইত্যাদির বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় বসবাসের যোগ্যতা।**—(১) অনুচ্ছেদ ৩৬ এ যাহা কিছুই থাকুক না কেন, কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের প্রতিষ্ঠান কর্তৃক আইনসম্মতভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি বা কোন শ্রমিক বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় বসবাসের জন্য নিম্নবর্ণিত দলিলাদি ও কাগজপত্রসহ কর্তৃপক্ষের নিকট আবেদন করিলে, কর্তৃপক্ষ আবেদন প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তি বা শ্রমিকের অনুকূলে বসবাসের সনদপত্র ইস্যু করিবে, যথা:—

(ক) নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি বা শ্রমিকের মূল নিয়োগপত্র বা চুক্তিপত্র;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে, শ্রম ও ইমিগ্রেশন অনুমোদনপত্র;

(গ) আবেদনকারী ব্যক্তি বা শ্রমিকের অনুকূলে নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় নির্দিষ্ট বাসা বরাদ্দের প্রমাণপত্র;

(ঘ) সংশ্লিষ্ট ব্যক্তি বা শ্রমিক উন্নত চরিত্রের অধিকারী মর্মে নিয়োগকারী প্রতিষ্ঠানের প্রত্যায়নপত্র।

(২) কর্তৃপক্ষ কর্তৃক উপ-অনুচ্ছেদ (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারী ব্যক্তি বা শ্রমিকের অনুকূলে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসের সনদপত্র প্রদান করা হইবে এবং উক্ত সময়ের মধ্যে সনদপত্র প্রদান করা সম্ভব না হইলে, উক্ত ব্যক্তি বা শ্রমিক, এই অনুচ্ছেদের অধীন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর মর্যাদা অর্জন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

(৩) এই অনুচ্ছেদের অধীন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর মর্যাদা অর্জনকারী কোন ব্যক্তি বা শ্রমিকের উক্ত মর্যাদা বজায় রাখিবার সময়কালে তাহার স্ত্রী বা অবিবাহিত ২১(একুশ) বৎসরের কম বয়সী সন্তান, নির্ভরশীল পিতা-মাতা পোষ্য হিসাবে বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর মর্যাদা অর্জনও বজায় রাখিতে পারিবে।

(৪) এই অনুচ্ছেদের অধীন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর মর্যাদা অর্জনকারী ব্যক্তি বা শ্রমিকের অনুকূলে কর্তৃপক্ষ একটি বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক পরিচয়পত্র ইস্যু করিবে।

(৫) এই অনুচ্ছেদের অধীন বসবাসকারী ব্যক্তি বা শ্রমিকের চাকুরির মেয়াদ শেষ হইবার ১২০(একশত বিশ) দিনের মধ্যে, উক্ত শ্রমিক, তাহার পরিবারসহ, সংশ্লিষ্ট বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকা ত্যাগ করিবে।

৩৮। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর অধিকার ও সুবিধাদি**।—বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারী ব্যক্তি এই নীতি, আইন, প্রচলিত অন্যান্য আইন, বিধি-বিধান, আইনগত দলিল এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসের সনদপত্র অনুসারে নিম্নবর্ণিত অধিকার ও সুবিধা প্রাপ্য হইবে, যথা:—

(ক) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় বসবাস; এবং

(খ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় অবস্থিত কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি এবং রিয়েল এস্টেট হস্তান্তর।

৩৯। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীর আইনগত বাধ্যবাধকতা**।—বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারী এই নীতি, আইন, প্রচলিত অন্যান্য আইন, বিধি-বিধান, আইনগত দলিল এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসের সনদপত্র প্রতিপালনসহ নিম্নবর্ণিত আইনগত বাধ্যবাধকতা মানিয়া চলিবে, যথা:—

(ক) স্থানীয় ট্যারিফ এলাকার ভিতরে অবস্থিত কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক এলাকায় আমদানিকৃত কোন বিদেশী পণ্যের জন্য আমদানি শুল্ক, অভ্যন্তরীণ শুল্ক, কর, লেভী, ট্যারিফ এবং অন্যান্য আবগারি চার্জসমূহ পরিশোধ;

(খ) আয়কর এবং অন্যান্য কর পরিশোধ; এবং

(গ) রাষ্ট্রের জন্য ক্ষতিকর এইরূপ কার্যক্রমে অংশগ্রহণ করা হইতে বিরত থাকা।

৪০। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসের সনদপত্র প্রত্যাহার**।—(১) কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারী, আইন, এই নীতি, প্রযোজ্য কোন আইন বা প্রযোজ্য বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসের সনদপত্রের শর্তাবলী পুনঃ পুনঃ লঙ্ঘন করিলে, কর্তৃপক্ষ বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারীকে ১২০ (একশত বিশ) দিনের অগ্রিম লিখিত নোটিস প্রদান এবং শুনানির সুযোগ প্রদানপূর্বক, উক্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসের সনদপত্র প্রত্যাহার করিতে পারিবে এবং প্রয়োজনে উক্ত ব্যক্তির বিরুদ্ধে কর্তৃপক্ষ বা অন্য কোন উপযুক্ত সংস্থা প্রযোজ্য আইন অনুযায়ী আইনগত পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

(২) কোন ব্যক্তি বা শ্রমিকের বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসের সনদপত্র প্রত্যাহার এবং বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের আবাসিক পরিচয়পত্র বাতিল করা হইলে, উক্ত ব্যক্তি বা শ্রমিক, এবং ক্ষেত্রমত তাহার পোষ্য বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বসবাসকারী হিসাবে মর্যাদা হারাইবে।

## অষ্টম অধ্যায়
## নির্মাণ অনুমোদন আইন ও পদ্ধতি

৪১। **নির্মাণ অনুমোদন পদ্ধতি।**—বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের কোন প্রতিষ্ঠান বা বসবাসকারী কর্তৃক কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমিতে কোন নির্মাণ বা স্থাপনা সংক্রান্ত কাজ বা ইতিপূর্বে নির্মিত কোন ইউনিটের কোন পরিবর্তন প্রযোজ্য আইন, আইন এবং আইনের অধীন প্রণীত বিধি, প্রবিধান বা প্রজ্ঞাপন অনুসারে হইতে হইবে।

## নবম অধ্যায়
## বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে শুল্ক পদ্ধতি, কর ও শুল্ক অব্যাহতি, সুবিধা, প্রণোদনা, ইত্যাদি

৪২। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে শুল্ক পদ্ধতি, কর ও শুল্ক অব্যাহতি, সুবিধা এবং প্রণোদনা, ইত্যাদি।**—আইনের ধারা ১০ এবং ধারা ১৩ এর বিধান অনুসারে সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বিশেষ শুল্ক সুবিধা ও Customs Act, 1969 (Act No. IV of 1969) এর বিধান অনুযায়ী বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত প্রতিষ্ঠানসমূহে আমদানি ও রপ্তানি কার্যক্রম পরিচালনার সুবিধার্থে বিশেষ ব্যবস্থা প্রবর্তন ও প্রণোদনা প্রদান করা হইলে অথবা প্রযোজ্য অন্যান্য আইনের অধীন প্রদত্ত শুল্ক, কর অব্যাহতি প্রদান করা হইলে কর্তৃপক্ষ উহা প্রয়োগের বিষয় নিশ্চিত করিবে।

## দশম অধ্যায়
## পরিবেশ সুরক্ষা

৪৩। **পরিবেশ সুরক্ষা।**—(১) কর্তৃপক্ষ, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সহিত সমন্বয়পূর্বক, প্রত্যেক বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে, আইনের ধারা ৩৩ এর বিধান, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭, বাংলাদেশ কর্তৃক অনুসমর্থিত পরিবেশ সংক্রান্ত সকল কার্যকর আন্তর্জাতিক চুক্তি, কনভেনশন এবং এগ্রিমেন্টসমূহ এবং প্রযোজ্য অন্যান্য আইনের বিধান অনুসারে, পরিবেশ, পানি সরবরাহ, প্রাকৃতিক সম্পদ ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ এবং টেকসই অর্থনৈতিক উন্নয়ন ও বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত পদক্ষেপসমূহের কার্যকর প্রয়োগের বিষয়টি নিশ্চিত করিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষ, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সহিত সমন্বয় সাধনপূর্বক, প্রত্যেক বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে এতদ্‌সংক্রান্ত প্রযোজ্য আইন বা বিধির অধীন পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নিম্নবর্ণিত বিষয় সংক্রান্ত বিশেষ বিধান এবং পদ্ধতি প্রয়োগ করিবে, যথা:—

(ক) দ্রুত পরিবেশগত প্রভাব নিরূপন (Environment Impact Assessment);

(খ) দ্রুততার সহিত পরিবেশগত ছাড়পত্র লাভের জন্য কার্যক্রম গ্রহণ;

(গ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের বাতাস, পানি ও মাটির গুনগতমান রক্ষার্থে কল-কারখানা হইতে নির্গত বর্জ্য পরিশোধনপূর্বক অনুমোদিত মানমাত্রার মধ্যে নির্গমন নিশ্চিতকরণ;

(ঘ) পরিদর্শন পরিবীক্ষণ ও নিরীক্ষা কার্যক্রম সম্পাদন এবং নিয়মিত প্রতিবেদন দাখিল;

(ঙ) বিপজ্জনক ও ক্ষতিকর বর্জ্য ও রাসায়নিক পদার্থের পরিবেশসম্মত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;

(চ) বর্জ্যের পরিমাণ হ্রাস, পুনর্ব্যবহার ও পুনঃচক্রায়নের জন্য সরকারের 3R (Reduce, Reuse, Recycle) Strategy অনুসরণ; এবং

(ছ) দণ্ড, জরিমানা, বলবৎকরণ ও প্রতিকারমূলক কার্যক্রম।

(৩) কর্তৃপক্ষ, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সহিত সমন্বয় পূর্বক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রযোজ্য আইনের বিধান অনুসারে, প্রত্যেক বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে গ্রীন টেকনোলজি ব্যবহারে উৎসাহিত করিবে এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত গ্রীন টেকনোলজি ও Leadership in Energy and Environmental Design Standard এর মানদণ্ড অনুসারে অবকাঠামোর নকশার জন্য সুনির্দিষ্ট আবশ্যকতাসমূহ প্রকাশ করিবে এবং উক্ত আবশ্যকতাসমূহ কোন বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের সকল অবকাঠামোর নকশা, যেমন-ভবন, রাস্তা, সেতু, বিদ্যুৎ সুবিধা, নবায়নযোগ্য শক্তি সংক্রান্ত অবকাঠামো, কল-কারখানা হইতে নির্গত ময়লা পানি পরিশোধনকারী প্ল্যান্ট, টেলিযোগাযোগ সংক্রান্ত অবকাঠামো, অগ্নি সম্পর্কিত নির্মাণ মানদণ্ড, ল্যান্ডস্কেপ বা বাগান সংক্রান্ত নকশা, নর্দমা ব্যবস্থা, প্রবল বৃষ্টিপাতজনিত পানি ও ময়লা পানি অপসারণের ব্যবস্থা, পানি শোধনাগার সুবিধা, ইত্যাদির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৪) কর্তৃপক্ষ কার্বন ফুটপ্রিন্ট কমানো এবং জৈবজ্বালানী ব্যবহার সংক্রান্ত, সময় সময়, সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশ ও নীতিমালা বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে যথাযথ অনুসরণ নিশ্চিত করিবে।

**ব্যাখ্যা:** এই অনুচ্ছেদে উল্লিখিত Leadership in Energy and Environmental Design Standard বলিতে আন্তর্জাতিকভাবে স্বীকৃত "গ্রীন" বিল্ডিং সার্টিফিকেশন সিস্টেম, যাহা লাইসেন্সধারী, ডেভেলপার ও অপারেটরের সমকালীন বিল্ডিং ডিজাইন, নির্মাণ, অপারেশন ও রক্ষণাবেক্ষণ মানসহ মেট্রিক্স অনুযায়ী নির্মাণ কাজ সম্পাদনে দক্ষতা বৃদ্ধি করে, যেমন-এনার্জি সাশ্রয়, পানির সর্বোত্তম ব্যবহার, কার্বন-ডাই-অক্সাইড নির্গমন হ্রাস, উন্নত ইনডোর পরিবেশগত গুনাবলী, পরিবেশগত সম্পদের উত্তম ব্যবহার এবং পরিবেশগত সম্পদ সংবেদনশীলতার প্রভাব ইত্যাদিকে বুঝাইবে।

## একাদশ অধ্যায়
## শ্রমিকের স্বার্থ রক্ষা, বিরোধ নিষ্পত্তি, ইত্যাদি

৪৪। **শ্রমিকের স্বার্থ রক্ষা**।—বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের মালিক ও শ্রমিকের সম্পর্ক, বিরোধ নিষ্পত্তিসহ সকল শ্রমিকদের অধিকার রক্ষার ক্ষেত্রে আইনের ধারা ৩৪ অনুযায়ী ইপিজেড শ্রমিক কল্যাণ সমিতি ও শিল্প সম্পর্ক বিষয়ক আইনের বিধানাবলী প্রয়োজনীয় অভিযোজন সহকারে প্রযোজ্য হইবে।

৪৫। **বিকল্প বিরোধ নিষ্পত্তি**।—আইনের ধারা ৩৬ এবং অন্যান্য প্রযোজ্য আইনের বিধান সাপেক্ষে, এই নীতির বিধানাবলী হইতে উদ্ভুত বিরোধ বিকল্প পদ্ধতিতে নিষ্পত্তি করা যাইবে।

## দ্বাদশ অধ্যায়
## বিবিধ

৪৬। **বিশেষ বিধান**।—এই নীতিতে যাহা কিছুই থাকুক না কেন, বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের বিষয়ে কোন অসুবিধা দেখা দিলে, গভর্নিং বোর্ড, প্রয়োজনীয় যে কোন সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

৪৭। **ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ**।—(১) এই নীতি প্রবর্তনের পর কর্তৃপক্ষ, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই নীতির ইংরেজীতে অনূদিত (Authentic English Text) একটি পাঠ প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল-১**

**[অনুচ্ছেদ ২(২)(ঙ), ৯(২)(চ) ও ৩৪(২)(ছ) দ্রষ্টব্য]**

**বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে নিষিদ্ধ কার্যক্রমের তালিকা**

১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয় বা বাংলাদেশ পুলিশসহ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত না হইলে, অর্থনৈতিক অঞ্চলে যে কোন ধরনের আগ্নেয়াস্ত্র, অস্ত্র, বারুদ, গোলা-বারুদ, বিস্ফোরক (শিল্পে ব্যবহৃত বিস্ফোরক ব্যতীত), যুদ্ধে ব্যবহৃত যন্ত্রাংশ বা উপাদান, ইত্যাদি প্রস্তুত, গুদামজাত, ব্যবসা-বাণিজ্য, আমদানি বা প্রবেশ করা।

২। বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে ইউরেনিয়াম, প্লুটোনিয়াম ও ইরিডিয়ামসহ যে কোন ধরনের বর্জ্য বা নিউক্লিয়ার বা তেজস্ক্রিয় পদার্থ (মেডিকেল বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত রেডিওআইসোটোপ ব্যতীত) প্রস্তুত, গুদামজাত, ব্যবসা-বাণিজ্য, আমদানি বা প্রবেশ করা।

৩। বাংলাদেশের সংরক্ষিত বনভূমি হইতে সংগৃহীত যে কোন প্রাকৃতিক সম্পদ অর্থনৈতিক অঞ্চলে প্রবেশ করানো।

৪। পরিবেশ সংক্রান্ত উপযুক্ত কর্তৃপক্ষের সহিত পরামর্শক্রমে, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিবেশ সংক্রান্ত ক্ষতিকর পদার্থ উৎপাদন।

৫। বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে মেডিকেল কাজে ব্যবহৃত মাদকদ্রব্য ব্যতীত অন্য যে কোন ধরনের মাদকদ্রব্য, যেমন-হিরোইন, কোকেইন, আফিম, ক্যানাবিস বা অন্যান্য ঝুঁকিপূর্ণ বা বিষাক্ত উপাদান প্রস্তুত, গুদামজাত, ব্যবসা-বাণিজ্য, আমদানি বা প্রবেশ করা।

৬। বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে অর্থ বা স্ট্যাম্প মুদ্রণ বা ধাতব মুদ্রা তৈরী করা।

৭। বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে সক্রিয় বায়োলজিক্যাল এবং জেনেটিক উপাদান প্রস্তুত বা ব্যবসা-বাণিজ্য করা।

৮। বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে জাতিসংঘ কর্তৃক নিষেধাজ্ঞা আরোপিত কোন পণ্য প্রস্তুত, গুদামজাত, ব্যবসা-বাণিজ্য, আমদানি বা প্রবেশ করা।

৯। বার্ড ফ্লু জীবাণু বা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন রোগের প্রাদুর্ভাব রহিয়াছে এমন দেশ হইতে পাখি বা পোলট্রি জাতীয় পণ্য বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে আমদানি বা প্রবেশ করা।

১০। ম্যাডকাউ বা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন রোগের প্রাদুর্ভাব রহিয়াছে এমন দেশ হইতে লাল মাংস বা গবাদি পশুজাত পণ্য বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে আমদানি বা প্রবেশ করা।

১১। বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে মানুষ, প্রাণী বা উদ্ভিদের জীবন বা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর আর্টিকেলস (articles) উৎপাদন, উপকরণের ব্যবহার বা কোন কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করা।

১২। সরকারের শিল্প নীতি এবং সিদ্ধান্ত দ্বারা নিষিদ্ধ অন্য কোন কার্য করা।

**তফসিল-২**
**[অনুচ্ছেদ ৫(১)(ক) দ্রষ্টব্য]**

**প্রথম পর্যায়ঃ প্রাক-যোগ্যতাঃ ব্যবসা পরিকল্পনার মৌলিক তথ্যাদি**

১। **কোম্পানির রূপরেখা ঃ**

(ক) কোম্পানির পরিলেখা/সংক্ষিপ্তসার ঃ

(খ) প্রাতিষ্ঠানিক কাঠামো এবং আবশ্যকীয় কর্মচারীবৃন্দ ঃ

(গ) উন্নয়ন সহযোগী/সংঘ ঃ (প্রযোজ্য ক্ষেত্রে)

(ঘ) আইনগত চুক্তিসমূহ ঃ (প্রযোজ্য ক্ষেত্রে)

(ঙ) ভূমিকা ও দায়দায়িত্ব ঃ

২। **প্রকল্প বিবরণ ঃ**

(ক) এলাকার অবস্থান ও সাইটের আয়তন ঃ

(খ) প্রকল্পের কম্পোনেন্টসমূহ ঃ

(গ) প্রয়োজনীয় ক্ষেত্রসমূহ ঃ

(ঘ) বাংলাদেশের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ঃ

(অ) কর্মসংস্থানের ক্ষেত্রে ঃ

(আ) রপ্তানির ক্ষেত্রে ঃ

(ই) দেশীয় বিপণনের ক্ষেত্রে ঃ

(ঈ) পণ্য বহুমুখীকরণ এর ক্ষেত্রে ঃ

৩। **বাজার চাহিদা ঃ**

প্রস্তাবিত খাতসমূহ উৎপাদিত পণ্যের দেশে বিদেশে চাহিদা সম্পর্কে সার্বিক ধারণা ঃ (বর্তমান বাজার পরিস্থিতি এবং টার্গেট মার্কেট)

৪। **এলাকা পরিকল্পনা ও উন্নয়ন ঃ**

(ক) ভূমির বিবরণ ও আয়তন ঃ

(খ) ভূমির মূল্য ঃ

(গ) মহাপরিকল্পনা ও পর্যায়সমূহ ঃ

(ঘ) মাস্টার প্ল্যান (পর্যায়ক্রমিক উন্নয়নের সময়সূচীসহ) ঃ

(ঙ) আবশ্যকীয় অবকাঠামো (প্রস্তাবিত এলাকাভুক্ত ও এলাকা বহির্ভূত-বিদ্যুৎ, পানি, গ্যাস, ইটিপি, বর্জ্য পানি, টেলিকম) ঃ

(চ) প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ কার্যক্রম ঃ

৫। **আইনগত কাঠামো ঃ**

৬। **আর্থিক কার্যাবলী ঃ**

(ক) প্রয়োজনীয় মূলধনী বিনিয়োগ ঃ

(খ) প্রত্যাশিত লাভ ঃ

(গ) ইকুইটি ও ঋণ চাহিদা ঃ

(ঘ) অর্থলগ্নী উৎসসমূহ ঃ

৭। **ঝুঁকি প্রশমন ঃ**

(ক) বাজার বিফলতার ক্ষেত্রে ঃ

(খ) ব্যয় বৃদ্ধির ক্ষেত্রে ঃ

(গ) সাংগঠনিক সমস্য দেখা দিলে ঃ

৮। **বাস্তবায়ন পরিকল্পনা ঃ**

(ক) প্রকল্প শুরু ঃ

(খ) নির্মাণ পরিকল্পনা ঃ

(গ) প্রকল্পের সমাপ্তি ঃ

(ঘ) বিপণন পরিকল্পনা ঃ

৯। **তথ্যাদি ঃ**

**সহায়ক দলিলপত্র ঃ**

(ক) প্রাক-যোগ্যতা আবেদন প্রক্রিয়া করিবার জন্য এককালীন অফেরতযোগ্য ফি পরিশোধের প্রমাণপত্র;

(খ) ব্যবসা-নিবন্ধন সার্টিফিকেট;

(গ) আবেদনকারীকে কোন বেসকারি অর্থনৈতিক অঞ্চলের উন্নয়নের জন্য চুক্তি সম্পাদনের আইনগত কর্তৃত্ব প্রদান করিয়াছে এইরূপ নোটারীকৃত বোর্ড রেজুলেশনের বিবরণ বা সমপর্যায়ের কোন দলিল।

## তফসিল-৩

**[অনুচ্ছেদ ৬(১)(ক) দ্রষ্টব্য]**

**দ্বিতীয় পর্যায়ঃ চূড়ান্ত অনুমোদন ঃ সম্ভাব্যতা সমীক্ষার মৌলিক তথ্যাদি**

১। **প্রকল্প বিবরণ ঃ**

প্রকল্প পরিলেখা/সংক্ষিপ্তসার ঃ

২। **শিল্প খাত মূল্যায়ন ঃ**

(ক) প্রস্তাবিত শিল্পখাতসমূহের তালিকা ঃ

(খ) প্রস্তাবিত শিল্পখাতসমূহের চাহিদার রূপরেখা (অবকাঠামো, ভূমি এবং কর্মসংস্থান) ঃ

(গ) শিল্প খাতের ভেল্যু চেইন/লজিস্টিকস্/রপ্তানী চাহিদা সম্পর্কিত তথ্যাদি ঃ

(ঘ) ২০ (বিশ) বৎসরের চাহিদার পূর্বাভাষ ঃ

৩। **বিপণন পরিকল্পনা ঃ**

(ক) বিপণন কৌশল ঃ

(খ) প্রত্যাশিত বিনিয়োগকারী ও দেশের তালিকা ঃ

(গ) বেসরকারি অর্থনৈতিক অঞ্চল বাজারজাত করিবার জন্য পছন্দকৃত পদ্ধতি ঃ

৪। **মহাপরিকল্পনা ঃ**

(ক) ভূমি জরিপ সীমানা ঃ

(খ) এলাকার বিবরণ, মালিকানা, অবস্থান, আয়তন, সাধারণ বর্ণনা ঃ

(গ) এলাকার বর্তমান অবস্থাঃ প্রাকৃতিক বৈশিষ্ট্য মাটির গুণগত অবস্থা, বিদ্যমান কাঠামো, ল্যান্ডমার্ক, প্রতিবন্ধকতা, পরিবেশগত ও সামাজিক প্রসঙ্গ ঃ

(ঘ) পরিকল্পনা কাঠামো ঃ

(ঙ) প্লট পরিকল্পনাসহ মহাপরিকল্পনা ঃ

(চ) ভূমি ব্যবহার পরিকল্পনা ঃ

(ছ) জোনিং প্ল্যান ঃ

(জ) পর্যায়ক্রমিক উন্নয়ন পরিকল্পনা ঃ

৫। **অবকাঠামোগত চাহিদা ঃ**

(ক) প্রস্তাবিত এলাকাভুক্ত এবং এলাকা বহির্ভূত অবকাঠামো মূল্যায়ন এবং প্রয়োজনীয় পরিসেবা ও সম্ভাব্য অগ্রগতি ঃ

(খ) প্রস্তাবিক এলাকা অত্যাবশ্যকীয় পরিসেবার অবকাঠামো পরিকল্পনা (রাস্তা, বিদ্যুৎ, পানি, নিষ্কাশন, তরল বর্জ্য, শোধনাগার, নোংরা পানি, কঠিন বর্জ্য এবং টেলিকম) ঃ

(গ) প্রয়োজনীয় অবকাঠামো ও পরিসেবার আনুমানিক খরচ ঃ

৬। **পরিবেশগত ও সামাজিক পর্যালোচনা ঃ**

(ক) পরিবেশগত প্রভাব মূল্যায়ন ঃ

(খ) পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা ঃ

(গ) সামাজিক প্রভাব মূল্যায়ন ঃ

(ঘ) পুনর্বাসন পরিকল্পনা (প্রয়োজনবোধে) ঃ

৭। **আর্থিক মডেল ঃ**

(ক) অবকাঠামোর নির্মাণ খরচ ঃ

(খ) পরিচালনা ও ব্যবস্থাপনা খরচ ঃ

(গ) ব্যালেন্স সীট/স্থিতিপত্র ঃ

(ঘ) প্রকল্প আই আর আর ঃ

(ঙ) সংবেদনশীলতা বিশ্লেষণ ঃ

(চ) প্রস্তাবিত ইজারা/বিক্রয় মূল্য স্থিরিকরণ ঃ

৮। **অর্থনৈতিক বিশ্লেষণ ঃ**

(ক) অর্থনৈতিক প্রভাব এবং খরচ/লাভ মূল্যায়ন ঃ

(খ) প্রকল্পের আর্থিক লাভের হার ঃ

৯। **বাস্তবায়ন পরিকল্পনা ঃ**

প্রকল্পের যাবতীয় কাজ সম্পন্ন করিবার সময়সূচী ঃ

**তফসিল-৪**

**[অনুচ্ছেদ ৫(১) ও ৬(১) দ্রষ্টব্য]**

**আবেদনপত্র**

কর্তৃপক্ষের লোগো গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**

**বেসরকারি অর্থনৈতিক অঞ্চল প্রাক-যোগ্যতাপত্র/লাইসেন্স এর জন্য আবেদনপত্র**

১। **প্রকল্পের তথ্য ঃ**

(ক) প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের নাম ঃ ...............................................

(খ) প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের অবস্থান ও ঠিকানা ঃ .............................

শহর ঃ .........................................................................................

২। **আবেদনকারীর তথ্য ঃ**

(১) আবেদনকারীর নাম ঃ ..................................................................

পিতার নাম ঃ ....................................., মাতার নাম ঃ ..............................

স্বামী/স্ত্রীর নাম ঃ ...........................................................................

পদবী ঃ ..........................., জাতীয়তা ঃ ..................................................

জাতীয় পরিচিতি নম্বর ঃ ...................., ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) ঃ

.................... প্রতিষ্ঠান/কোম্পানীর নাম (যদি থাকে) ঃ ..................................

ঠিকানা ঃ .......................................................................................

শহর ঃ ................................, দেশ ঃ ...................................................

টেলিফোন ঃ .........................., ফ্যাক্স ঃ .................................................

ই-মেইল ঃ ......................................................................................

কোম্পানি হইলে, পরিচালনা পর্ষদ বা সমপর্যায়ের পর্ষদ, নিরীক্ষক, ব্যাংকার, আইনজীবী এবং প্রধান শেয়ার মালিকদের তথ্যসহ প্রাতিষ্ঠানিক কাঠামোর বিবরণসহ কোম্পানির সকল প্রাসঙ্গিক তথ্য সম্বলিত একটি নোটারীকৃত বিবরণী ;

(২) কোম্পানির একটি সংক্ষিপ্তসার এবং বিগত ৩ (তিন) বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী;

(৩) আবেদনকারীর কারিগরি সক্ষমতার উদাহরণ এবং যে কোন ধরনের বড় মাপের উন্নয়ন কাজ, অবকাঠামো, রিয়েল এস্টেট বা অর্থনৈতিক অঞ্চল প্রকল্প বাস্তবায়নের অতীত অভিজ্ঞতা;

(৪) প্রাথমিক ব্যবসার ধরন ঃ সাধারণ বাণিজ্য/বাণিজ্য/শিল্প/ভারী শিল্প/সেবা/অবকাঠামো;

(৫) মালিকানা তথ্য ঃ

নতুন সংস্থাঃ বিদ্যমান সংস্থাঃ

(৬) আইনগত সত্তা ঃ বর্তমান সত্তার প্রকৃতি ঃ

কর্পোরেশন এল এল সি (LLC)

স্থানীয় কোম্পানির শাখা/সাবসিডিয়ারী বিদেশী কোম্পানির শাখা/সাবসিডিয়ারী

অন্যান্য (উল্লেখ করুন) ঃ ..........................................................................

(৭) প্রধান প্রতিষ্ঠান/কোম্পানি ঃ প্রযোজ্য ক্ষেত্রে

নাম ঃ ..............................................................................

ঠিকানা ঃ ..................................................................................

শহর ঃ ................................., দেশ ঃ ..............................................

টেলিফোন ঃ ........................., ফ্যাক্স ঃ ..............................................

ই-মেইল ঃ ..................................., ওয়েবসাইট ঃ ................................

প্রধান প্রতিষ্ঠান/কোম্পানির মোট নীট সম্পদ (২০—)ঃ ইউএস ডলার ..................

(৮) আবেদনকারীর কর্পোরেট কাঠামো/প্রধান কর্মকর্তাবৃন্দ ঃ

| কর্পোরেটগণের নাম | পদবী | জাতীয়তা |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৯) আবেদনকারীর বর্তমান শেয়ারহোল্ডারগণ ঃ

| নাম | জাতীয়তা | শেয়ার সংখ্যা | প্রতি শেয়ারের মূল্য (টাকা/ইউএস ডলার) | পরিশোধিত শেয়ারের মোট মূল্য (টাকা/ইউএস ডলার) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(১০) প্রতিষ্ঠান/কোম্পানির মূলধন কাঠামো ঃ

ঋণঃ ............. %

ইক্যুইটিঃ ........... %

(১১) সংযুক্ত প্রতিষ্ঠান/কোম্পানির ঃ

আবেদনকারীর সহিত যৌথ উদ্যোগে বিনিয়োগ/প্রকল্প রহিয়াছে এমন প্রতিষ্ঠান/কোম্পানির তালিকা ঃ

| প্রতিষ্ঠান/কোম্পানির নাম | মূলধন বিনিয়োগ (ইউএস ডলার) |
|---|---|
| | |
| | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(১২) অন্যান্য উন্নয়ন প্রকল্পসমূহ ঃ

আবেদনকারী কর্তৃক গৃহীত অন্যান্য উন্নয়ন, রিয়েল এস্টেট অথবা অবকাঠামোগত প্রকল্পসমূহের তালিকা ঃ

| প্রকল্পের নাম | অবস্থান | প্রতিষ্ঠার বৎসর | উন্নয়ন খরচ (টাকা/ইউএস ডলার) | প্রকল্পের বিবরণ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

৩। **আইনগত প্রতিনিধির নাম ঃ** ..........................................................................

আইন প্রতিষ্ঠান/সহযোগী (প্রয়োনবোধে) ঃ .....................................................

পদবী ঃ ..................................................................................................

জাতীয়তা ঃ ......................, পাসপোর্ট নম্বর/জাতীয় পরিচয়পত্র নম্বরঃ ......................

ঠিকানা ঃ ...............................................................................................

শহর ঃ ..............................., দেশ ঃ ...................................................

টেলিফোন ঃ ........................., ফ্যাক্স ঃ ...................................................

৪। **প্রস্তাবক প্রতিষ্ঠান/কোম্পানির নাম ঃ** ...........................................................

ঠিকানা ঃ ...............................................................................................

শহর ঃ ..............................., দেশ ঃ ...................................................

টেলিফোন ঃ ........................., ফ্যাক্স ঃ ............................................

ই-মেইল ঃ ........................., ওয়েবসাইট ঃ............................................

কোম্পানির নিবন্ধন নম্বর ঃ ..............., কোম্পানির নিবন্ধন তারিখ ঃ ....................

পূর্ববর্তী লাইসেন্স নম্বর ঃ ......................., লাইসেন্স তারিখ ঃ ...........................

লাইসেন্স সংশোধন ঃ ..........................., অন্যান্য ঃ .....................................

৫। **বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের ভূমি ও এলাকার বর্ণনা ঃ**

(১) ভূমির আয়তন ঃ

ভূমির পরিমাণ ঃ.............. বর্গফুট .....................বর্গমিটার

(২) এলাকায় বিদ্যমান ব্যবহৃত ভূমির পরিমাণ ঃ

কৃষি (ফসলের নাম উল্লেখ করুন) .............................

অকৃষি ..........................., শিল্প ..........................

অন্যান্য (উল্লেখ করুন) ঃ...................................

(৩) প্রাকৃতিক বৈশিষ্ট্য ঃ

সমতল সমুদ্রতলের উর্ধ্বে

সমুদ্রতলের নিম্নে বন্যাতলের সমান

অন্যান্য (উল্লেখ করুন) ঃ...................................

(৪) ভূমির মালিকানা/অধিকার ঃ

পূর্ণমালিকানা ইজারা যৌথ উদ্যোগ চুক্তি

অন্যান্য (উল্লেখ করুন)ঃ........................................................

(৫) সাইটে অবস্থিত স্থাপনা ঃ
হ্যাঁ না
ভাড়াটিয়া অন্যান্য..............

(৬) বন্যা নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় মাটির কাজের প্রয়োজনীয়তা ঃ
হ্যাঁ না

(৭) প্রয়োজনীয় পুনর্বাসন/পুনর্বাসন পরিকল্পনার আবশ্যকতা ঃ
হ্যাঁ না অন্যান্য...................

(৮) নিকটস্থ পরিবহণ সুবিধা/গমনপথ ঃ

| প্রধান পরিবহণ সুবিধার নাম | হ্যাঁ | না | দূরত্ব (কিঃমিঃ) |
|---|---|---|---|
| বিমান বন্দর | | | |
| বন্দর | | | |
| রেলপথ | | | |
| জাতীয় সড়ক নেটওয়ার্ক | | | |
| স্থানীয় সড়ক নেটওয়ার্ক | | | |
| অন্যান্য | | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৯) বিদ্যমান অফ-সাইট অবকাঠামো, পরিসেবা ও সুবিধাদি ঃ

| আইটেম | অফ-সাইট অবকাঠামো বিদ্যমানতা হ্যাঁ/না | যোগানদাতা | দূরত্ব (কিঃমিঃ) | এলাকা সীমানায় আনিতে প্রস্তাবিত খরচ | প্রস্তাবিত সময়সূচী (মাস) |
|---|---|---|---|---|---|
| অর্থনৈতিক অঞ্চলের প্রবেশ পথ অভিমুখী (স্থানীয় সড়ক নেটওয়ার্ক সংযোগ/ উন্নয়নাধীন) | | | | | |
| বিদ্যমান বিদ্যুৎ নেটওয়ার্ক | | | | | |
| বিদ্যমান পানি নেটওয়ার্ক | | | | | |
| বিদ্যমান গ্যাস নেটওয়ার্ক | | | | | |
| বিদ্যমান টেলিকম নেটওয়ার্ক | | | | | |
| অন্যান্য | | | | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

৬। **প্রকল্প সংক্ষেপ ঃ**

(১) উন্নয়নের অবস্থা ঃ

নতুন উন্নয়ন ঃ

আরম্ভ হইবার প্রস্তাবিত তারিখ ঃ
নির্মাণ শেষ হইবার প্রত্যাশিত তারিখ ঃ

পর্যায়ক্রমিক উন্নয়ন ঃ

প্রকল্প সমাপ্তির শতকরা হার ঃ
ভোগদখলের অবস্থা ঃ
প্রতিষ্ঠিত এলাকা ঃ
নির্মাণ সমাপ্ত হইবার প্রত্যাশিত তারিখ (পরবর্তী পর্যায়) ঃ
আরম্ভ হইবার প্রস্তাবিত তারিখ (পরবর্তী পর্যায়) ঃ

উন্নয়নের সর্বশেষ পর্যায়

প্রতিষ্ঠার তারিখ ঃ
ভোগদখলের অবস্থা ঃ
নির্মাণ সমাপ্ত হইবার প্রত্যাশিত তারিখ (পরবর্তী পর্যায়) ঃ
আরম্ভ হইবার প্রস্তাবিত তারিখ (পরবর্তী পর্যায়) ঃ

(২) প্রকল্পে অর্থসংস্থানের উৎস ঃ

| অর্থসংস্থানের উৎস | প্রকল্পের শতকরা হার |
|---|---|
| | |
| | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৩) প্রাক্কলিত প্রকল্প খরচ ঃ

| পর্যায় ক্রমিক উন্নয়ন | আয়তন (বর্গফুট/বর্গমিটার) | প্রাক্কলিত প্রকল্প খরচ (টাকা/ইউএস ডলার) |
|---|---|---|
| মোট প্রকল্প আয়তন/খরচ | | |
| ভূমি অধিগ্রহণ | | |
| ভূমি প্রস্তুতকরণ/মাটির কাজ | | |
| পর্যায়-১<br>ভূমি/অবকাঠামো/পরিসেবা | | |
| ভবন এবং সুবিধাদি | | |
| অফ-সাইট অবকাঠামো/অন্যান্য | | |
| অন্যান্য | | |
| পর্যায়-২<br>ভূমি/অবকাঠামো/পরিসেবা | | |
| ভবন এবং সুবিধাদি | | |
| অফ-সাইট অবকাঠামো/অন্যান্য | | |
| অন্যান্য | | |
| পর্যায়-৩<br>ভূমি/অবকাঠামো/পরিসেবা | | |
| ভবন এবং সুবিধাদি | | |
| অফ-সাইট অবকাঠামো/অন্যান্য | | |
| অন্যান্য | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৪) প্রস্তাবিত প্রকল্প আইআরআর ঃ...........%

(৫) প্রস্তাবিত প্রকল্প কম্পোনেন্ট ঃ

অনুগ্রহ করিয়া প্রকল্প বিভাজন প্রদান করুন ঃ

| কম্পোনেন্ট | মোট এলাকা (বর্গফুট/বর্গমিটার) | নীট এলাকা (বর্গফুট/বর্গমিটার) |
|---|---|---|
| শিল্প এলাকা | | |
| প্রশাসনিক এলাকা | | |
| বাণিজ্যিক/খুচরা এলাকা | | |
| পরিসেবা এলাকা | | |
| উন্মুক্ত এলাকা | | |
| অন্যান্য এলাকা | | |
| মোট | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৬) প্রস্তাবিত অন-সাইট অবকাঠামো, পরিসেবা ও সুযোগ-সুবিধাদি ঃ

| রাস্তা | প্রশস্ততা | ফুটপাথের ধরন | প্রাক্কলিত খরচ (টাকা/ইউএসডি) |
|---|---|---|---|
| প্রধান রাস্তা | | | |
| মধ্যম পর্যায়ের রাস্তা | | | |
| তৃতীয় পর্যায়ের রাস্তা | | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৭) প্রস্তাবিত পরিসেবা ঃ

| পরিসেবা | উৎস/ যোগানদাতা | ব্যাক-আপ (হ্যাঁ/না) | প্রাত্যহিক প্রয়োজনীয়তা | সক্ষমতা | প্রাক্কলিত খরচ (টাকা/ ইউএস ডলার) |
|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ | | | | | |
| পানি সরবরাহ | | | | | |
| নিষ্কাষণ | | | | | |
| পানি শোধনাগার প্ল্যান্ট | | | | | |
| নোংরা পানি অপসারণ | | | | | |
| তরল বর্জ্য পরিশোধনান্তে পুনঃব্যবহার | | | | | |
| নোংরা পানি শোধনাগার প্ল্যান্ট | | | | | |
| কঠিন বর্জ্য অপসারণ | | | | | |
| টেলিকম | | | | | |
| অগ্নি নির্বাপন ব্যবস্থা | | | | | |
| অন্যান্য পরিসেবা | | | | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৮) প্রস্তাবিত সুযোগ-সুবিধাদি ঃ

| সুযোগ-সুবিধাদি | আয়তন (বর্গফুট/বর্গমিটার) | প্রাক্কলিত খরচ (টাকা/ইউএস ডলার) |
|---|---|---|
| শুল্ক ভবনাদি | | |
| প্রশাসনিক ভবনাদি | | |
| বাণিজ্যিক/খুচরা/বিপনী বিতান/আমোদ প্রমোদ ভবনাদি | | |
| প্রাতিষ্ঠানিক/কম্যুনিটি ভবন | | |
| আবাসিক ভবন | | |
| পরিচালন/পরিসেবা ভবন | | |
| উন্মুক্তস্থান এলাকা | | |
| অন্যান্য | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৯) বিদ্যমান সুবিধাদির প্রস্তাবিত উন্নয়ন (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| যে সকল সেবার উন্নয়ন করিতে হইবে | আয়তন (বর্গফুট/বর্গমিটার) | প্রাক্কলিত খরচ (টাকা/ইউএস ডলার) |
|---|---|---|
| | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

৭। **বৃহত্তর অর্থনৈতিক সুফল (বেনিফিট) ঃ**

(১) প্রস্তাবিত চাকুরির সম্ভাবনা (সৃজিতব্য সকল চাকুরির সংখ্যা)ঃ...............................

সৃজিতব্য চাকুরির সময়সীমা ঃ.................................................................

(২) প্রস্তাবিত শিল্প খাতের তালিকা ঃ.............................................................

(৩) প্রস্তাবিত শ্রমিক/নিয়োগ সংক্রান্ত তথ্য ঃ

| বৎসর | প্রত্যক্ষ নিয়োগ | পরোক্ষ নিয়োগ |
|---|---|---|
| ১ | | |
| ২ | | |
| ৩ | | |
| ৪ | | |
| ৫ | | |
| গড় | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৪) প্রস্তাবিত সৃজিতব্য চাকুরির ধরণ [প্রথম ৫(পাঁচ) বৎসর] ঃ
অনুগ্রহ করিয়া বাংলাদেশী এবং বিদেশী নিয়োগ হিসাবে বিভাজন করুন।

| চাকুরীর ধরন | প্রথম বৎসর (বাংলাদেশী/বিদেশী) | পাঁচ বৎসর (বাংলাদেশী/বিদেশী) | দশ বৎসর (বাংলাদেশী/বিদেশী) |
|---|---|---|---|
| ব্যবস্থাপনা | | | |
| প্রশাসনিক | | | |
| কারিগরি | | | |
| দক্ষ | | | |
| অদক্ষ | | | |
| নারী | | | |
| মোট | | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৫) প্রশিক্ষণ কর্মসূচী ঃ

| বৎসর | সম্ভাব্য প্রশিক্ষণ কোর্স | প্রত্যাশিত অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৬) বিনিয়োগকারীগণ ঃ
সম্ভাব্য বিনিয়োগকারীগণ এবং তাহাদের দেশের তালিকা ঃ

| নাম | দেশ |
|---|---|
| | |
| | |
| | |
| | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৭) বাণিজ্য চুক্তিসমূহ ঃ
অর্থনৈতিক অঞ্চল প্রসারের জন্য ব্যবহৃত হইতে পারে, এমন বাণিজ্য চুক্তিসমূহের তালিকাঃ

| বাণিজ্য চুক্তি | বিনিয়োগে উৎসাহদানকারী দেশের নাম |
|---|---|
| | |

অতিরিক্ত জায়গার প্রয়োজন হইলে পৃথক পৃষ্ঠা ব্যবহার বা টেমপ্লেট বর্ধিত করুন।

(৮) অর্থনৈতিক অঞ্চলের জন্য বিপণন/প্রসার কৌশল ঃ

| বিপণন কর্মসূচির কম্পোনেন্ট | কৌশল | প্রয়োজনীয় বৎসর |
|---|---|---|
| | | |

## আবেদনকারীর প্রত্যায়ন

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, এতদ্বারা ঘোষণা করিতেছি যে—

(ক) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এবং এই নীতি সম্পূর্ণভাবে পড়িয়াছি এবং এই আবেদনপত্র এই নীতির সহিত সংগতি রাখিয়া পূরণ করা হইয়াছে;

(খ) পরিচালনা পর্ষদ কিংবা সমপর্যায়ের পর্ষদ এই আবেদনপত্র দাখিল করিতে ক্ষমতা ও অনুমতি প্রদান করিয়াছে;

(গ) এই আবেদনপত্র এবং তৎসংযুক্ত কাগজপত্রে, যদি থাকে, প্রদত্ত সকল তথ্য সত্য ও সঠিক এবং সকল উপাদান, সর্বতোভাবে, সঠিক ও বাস্তব ভিত্তিক;

(ঘ) আবেদনপত্রে প্রদত্ত সকল প্রাক্কলন সরল বিশ্বাসে এবং যথাযথ সতর্কতার সহিত প্রস্তুত করা হইয়াছে;

(ঙ) কোম্পানির কোন পরিচালক বা তদূর্ধ্ব পদমর্যাদার কোন ব্যক্তি কোন আদালত কর্তৃক কখনও ফৌজদারী অপরাধ সংঘটনের দায়ে দণ্ডিত বা বর্তমানে বা কখনও কোন দেশের নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ কর্তৃক পেশাদারী অবহেলা বা অসৎ কর্মের জন্য তদন্তের সম্মুখীন হননি;

(চ) আমি/আমরা, দক্ষতা ও উপযোগিতার ভিত্তিতে বাংলাদেশের উন্নয়ন লক্ষ্যসহ কর্তৃপক্ষের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য অর্থনৈতিক অঞ্চল পরিচালনা করিতে সক্ষম;

(ছ) এই আবেদনপত্রের অংশ হিসাবে দাখিলকৃত ব্যবসা পরিকল্পনা, সম্ভাব্যতা সমীক্ষা এবং মাস্টার প্ল্যানের বর্ণনা অনুযায়ী, প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল প্রকল্প কারিগরিভাবে, অর্থনৈতিকভাবে ও সামাজিকভাবে কর্মক্ষম;

(জ) প্রকল্পটি সর্বোচ্চ সামর্থ্য অনুযায়ী বিপণন ও কার্যকর করিবার প্রস্তাব করিতেছি;

(ঝ) প্রচলিত আইন অনুযায়ী এই আবেদনপত্রে উল্লিখিত প্রকল্পের রাজস্ব, খরচ, লাভ ও ক্ষতি নির্ণয়ের জন্য যথাযথ হিসাব পদ্ধতি ব্যবহার এবং ভবিষ্যতে কর্তৃপক্ষের চাহিদা ও অনুরোধ অনুযায়ী, আর্থিক পরিসংখ্যান ও হিসাব সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করিব;

(ঞ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এবং এই নীতি এবং কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী বেসরকারি অর্থনৈতিক অঞ্চল সম্পর্কিত কর্মকাণ্ডের ত্রৈমাসিক প্রতিবেদন এবং অন্যান্য তথ্যাদি দাখিল করিব;

(ট) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে এই আবেদনপত্রে উল্লিখিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল প্রকল্পের কাজ আরম্ভ, সমাপ্ত ও পরিচালনা করিব;

(ঠ) আমাদের প্রতিষ্ঠানে, কর্তৃপক্ষের কোন বোর্ড সদস্য বা কর্মকর্তার প্রত্যক্ষ বা পরোক্ষ কোন বিনিয়োগ বা অন্য কোন ধরনের আর্থিক স্বার্থ নাই;

(ড) আমাদের শেয়ারহোল্ডার, মুখ্য কর্মকর্তাবৃন্দ বা বিদেশী ব্যক্তি/ব্যবসার সহিত এবং/অথবা কর্তৃপক্ষের মধ্যে কোন প্রতারণামূলক সম্পর্ক নাই;

(ঢ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এবং এই নীতি অনুযায়ী বেসরকারি অর্থনৈতিক অঞ্চল সম্পর্কিত কর্মকাণ্ড নিয়ন্ত্রণকারী সকল আইন, নীতি ও শর্ত মানিয়া চলিতে বাধ্য থাকিব।

তারিখ ঃ.............................

আবেদনকারীর স্বাক্ষর
আবেদনকারীর নাম ঃ

**শুধুমাত্র অফিসিয়াল ব্যবহারের জন্য**
**প্রথম পর্যায় ঃ প্রাক- যোগ্যতার উপাদানসমূহ**

পর্যালোচনার জন্য উপাদান/যথাযথ প্রতিবেদনসমূহ ঃ

| আইটেম | দাখিলকৃত | মন্তব্য |
|---|---|---|
| লাইসেন্সের আবেদন ফি | | |
| বৈধ ব্যবসা নিবন্ধন সনদ | | |
| নোটারীকৃত বোর্ড সিদ্ধান্ত | | |
| কোম্পানির তথ্য সম্বলিত নোটারীকৃত বিবরণী | | |
| কোম্পানির ৩ (তিন) বৎসরের সংক্ষিপ্তসার এবং নিরীক্ষিত আর্থিক বিবরণী | | |
| বৃহদায়তন অবকাঠামো বা এস ই জেড প্রকল্প বাস্তবায়নে অতীত অভিজ্ঞতা | | |
| অধিগ্রহণ গ্রহণ করা হইবে এমন ভূমির নোটারীকৃত স্বত্ত্ব বা মালিকানার দলিল অথবা ভূমি মালিকদের তালিকা | | |
| তফসিল-২ অনুযায়ী ব্যবসা পরিকল্পনা | | |
| অন্যান্য | | |

| | |
|---|---|
| আবেদনপত্র নং | প্রাক-যোগ্যতা আবেদনপত্র গ্রহণের তারিখ ঃ ...../......./......<br>দিন/মাস/বৎসর |
| প্রাক-যোগ্যতাপত্র অনুমোদিত ঃ - হ্যাঁ- না<br>প্রাক-যোগ্যতাপত্র ইস্যু ঃ - হ্যাঁ- না | অনুমোদনের তারিখ ঃ ...../..../.......<br>দিন/মাস/বৎসর<br>ইস্যুর তারিখ ঃ ....../......./.......<br>দিন/মাস/বৎসর |
| গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর | অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর |

**শুধুমাত্র অফিসিয়াল ব্যবহারের জন্য**

**দ্বিতীয় পর্যায় ঃ চূড়ান্ত যোগ্যতার উপাদানসমূহ**

পর্যালোচনার জন্য উপাদান/যথাযথ প্রতিবেদনসমূহ ঃ

| আইটেম | দাখিলকৃত | মন্তব্য |
|---|---|---|
| অনুমোদন প্রক্রিয়ার ফি | | |
| প্রাক-যোগ্যতার সময়ে প্রদত্ত না হইলে মালিকানার প্রমাণ | | |
| নীতির তফসিল ৩ অনুযায়ী সম্ভাব্যতা সমীক্ষা | | |
| পরিবেশ অধিদপ্তরের চাহিদামত পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনাসহ পরিবেশগত প্রভাব সমীক্ষা | | |
| প্রয়োজন অনুযায়ী, পূনর্বাসন পরিকল্পনা | | |
| সকল পর্যায়ের উন্নয়ন কাজের নকশা প্রণয়ন, অবকাঠামো নির্মাণ, কার্যকরীকরণের সম্ভাব্য সময়সূচী | | |
| বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের মধ্যে ধার্যকৃত সকল ফি'র তালিকা | | |
| প্রকল্পের জন্য আর্থিক উৎসের প্রত্যায়নকৃত লিখিত বিবৃতি | | |
| অন্যান্য | | |

| | |
|---|---|
| লাইসেন্সের পর্যায় | লাইসেন্সের আবেদনপত্র গ্রহণের তারিখ ঃ ...../...../....... দিন/মাস/বৎসর |
| লাইসেন্স অনুমোদিত ঃ - হ্যাঁ- না | অনুমোদনের তারিখ ঃ ......./...../...... দিন/মাস/বৎসর |
| গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর | অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর |

**দ্রষ্টব্য ঃ** এই আবেদনপত্র পূরণের পূর্বে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এবং প্রযোজ্য অন্যান্য আইন ও বিধি-বিধানসমূহ অনুগ্রহ করিয়া পড়ুন। কোন জিজ্ঞাসা বা জানার বিষয় থাকিলে, exe.chairman@beza.gov.bd ই-মেইলে কিংবা ৮৮-০২ ৮১৮০১১৪ নম্বর টেলিফোনে কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করা যাইতে পারে। আবেদনপত্রে যে কোন ধরনের ঘষামাজা বা কাটাকাটি করা হইলে, ইহা বাতিল ও অকার্যকর হইবে। কর্তৃপক্ষ, প্রয়োজনবোধে, অসম্পূর্ণ আবেদনপত্র প্রক্রিয়া করা হইতে বিরত থাকিবার এবং/অথবা এই আবেদনপত্রের সমর্থনে অতিরিক্ত দলিলপত্র দাখিলের অনুরোধ করিবার অধিকার সংরক্ষণ করে।

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের গভর্নিং বোর্ডের আদেশক্রমে

**পবন চৌধুরী**

সচিব

গভর্নিং বোর্ড

ও

নির্বাহী চেয়ারম্যান (ভারপ্রাপ্ত সচিব)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মুহাম্মাদ আল-আমীন (যুগ্মসচিব), উপপরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd